# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Poush 24, 1430 Bangla, January 08, 2024, Monday, No. 08, 54th year

# H I G H L I G H T S

Voting was held with sporadic violence in different places leaving one person killed and two others sustained bullet injuries. Many candidates including JP withdrew from election citing irregularities. (BBC: 3-4, VOA: 10)

Ruling AL is going to form government for fourth consecutive term after winning 224 seats out of 298. Results of 2 constituencies have been postponed due to death of one candidate and cancellation of candidature of another. (VOA: 11)

PM Sheikh Hasina after casting her vote says, "I am thankful to the people of my country for the fact that we are able to conduct the election fairly." (VOA: 6)

CEC Kazi Habibul Awal says, “I know nothing about voter turnout being low or high. Job of EC is to organize polls. It is not our job to see whether someone comes to vote or not.” (R. Tehran: 11-12)

Not more than one to two percent votes were cast in first hour. 27.15 percent were cast across country till 3 pm. After polling, CEC says, voting rate was 40 percent. Experts comment, the rate is impossible. (DW: 12-13, R. Today: 20)

AL did not face any challenge as BNP and like-minded parties boycotted elections. But who will be the opposition is big question now. What direction will the situation of BD go after the election? (DW: 12)

AL GS says, "Voting was held in a festive atmosphere throughout country. People voted for their preferred candidates without any problems. Voters rejected those who abstained from voting.” (BBC: 5, VOA: 7)

BNP Senior leader R K Rizvi congratulates people for boycotting elections and says, People have given an unprecedented verdict against election. More than two percent voters did not turn up at polls. Their boycott has paid off.” (BBC: 5, Jago FM: 22)

JP Chairman GM Quader has commentes, Awami League is conducting vote robbery elections in old way- Adds, voting is not normal anywhere except Rangpur. (R. Today: 19-20)

Election observers from OIC, Russia, Palestine and Gambia have expressed their satisfaction after seeing the 12th National Parliament election of BD. (R. Today: 21)

Once again there was a fire in the Rohingya refugee camp in Bangladesh. Around 500 temporary shelters have been burnt down in Ukhia upazila of Cox's Bazar. At least 2500 refugees have become homeless. (DW: 14)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**পৌষ ২৪, বাংলা ১৪৩০, জানুয়ারি ০৮, ২০২৪, সোমবার, নং- ০৮, ৫৪তম বছর**

# শিরোনাম

চট্টগ্রাম ও মুন্সিগঞ্জসহ দেশের বিভিন্ন স্থানে বিক্ষিপ্ত সহিংসতায় একজন নিহত এবং দুইজন গুলিবিদ্ধ হয়েছে। এরই মধ্য দিয়ে শেষ হয়েছে সারাদেশে ভোটগ্রহণ। নির্বাচনের শেষ দিকে এসে জাতীয় পার্টিসহ বিভিন্ন দলের অনেক প্রার্থী অনিয়মের অভিযোগ তুলে নির্বাচন থেকে সরে দাঁড়িয়েছেন। (বিবিসি: ৩-৪, ভোয়া : ১০)

দ্বাদশ সংসদ নির্বাচনে বেসরকারি ফলাফলে ২৯৮ টি আসনের মধ্যে এককভাবে ২২৪ আসনে জয়ী হয়ে টানা চতুর্থবার সরকার গঠন করতে যাচ্ছে ক্ষমতাসীন দল আওয়ামী লীগ। একজন প্রার্থীর মৃত্যু এবং একজনের প্রার্থীতা বাতিলের কারণে ২ টি আসনের ফলাফল স্থগিত রাখা হয়েছে। (ভোয়া: ১১)

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকাল ৮টায় ঢাকা সিটি কলেজ কেন্দ্রে ভোট দেবার পর বলেন, " নির্বাচনটা আমরা যে সুষ্ঠুভাবে করতে পারছি, এজন্য আমি আমার দেশের মানুষের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি।" (ভোয়া: ৬)

সিইসি কাজী হাবিবুল আউয়াল বলেছেন, ভোটারের উপস্থিতি কম নাকি বেশি সেগুলোর বিষয়ে আমি কিছুই জানি না। ইসির কাজটা হচ্ছে ভোট আয়োজন করা। কেউ ভোট দিতে আসবেন কি আসবেন না সেটা দেখা আমাদের কাজ নয়। (রে. তেহরান: ১১-১২)

প্রথম এক ঘণ্টায় দুই-এক শতাংশের বেশি ভোট পড়েনি। বিকাল ৩ টা পর্যন্ত সারাদেশে ভোট পড়েছে ২৭ দশমিক ১৫ ভাগ। ভোট শেষ হওয়ার পর প্রধান নির্বাচন কমিশনার হাবিবুল আউয়াল জানান, সারাদেশে ভোটের হার ৪০ শতাংশ, বিশেষজ্ঞরা ভোটের এ হার অসম্ভব বলে মন্তব্য করেন। (ডয়চে ভেলে: ১২-১৩, রে. টুডে: ২০)

বিএনপিসহ সমমনা দলগুলো নির্বাচন বর্জন করায় বড়ো কোনো প্রতিদ্বন্দ্বিতার মুখে পড়তে হয়নি আওয়ামী লীগকে, যেমনটা একরকম নিশ্চিতই ছিল। তবে কে কতটা আসন পাবে, কারা হবে বিরোধী দল, এটিই এখন বড় প্রশ্ন। নির্বাচনের পর বাংলাদেশের পরিস্থিতি কোন দিকে যাবে? (ডয়চে ভেলে: ১২)

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেন, "সারাদেশে উৎসবমুখর পরিবেশে ভোট হয়েছে। জনগণ নির্বিঘ্নে তাদের পছন্দের প্রার্থীদের ভোট দিয়েছেন। ভোট বর্জনকারীদের বর্জন করেছেন ভোটাররা। (বিবিসি: ৫, ভোয়া: ৭)

নির্বাচন বর্জনের জন্য জনগণকে শুভেচ্ছা জানিয়ে বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, 'ক্ষমতাসীনদের পাতানো নির্বাচনের বিরুদ্ধে জনগণ অভূতপূর্ব রায় দিয়েছে। দুই শতাংশের বেশি ভোটার কেন্দ্রে আসেনি। আমাদের ভোট বর্জন সার্থক হয়েছে। (বিবিসি: ৫, জাগো এফএম: ২২)

সেই পুরনো কায়দায় আওয়ামী লীগ ভোট দখল করে ভোট ডাকাতির নির্বাচন করছে বলে মন্তব্য করেছেন জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদের। জি এম তাদের আরো বলেন রংপুর ছাড়া আর কোথাও ভোট স্বাভাবিক হচ্ছে না। (রে. টুডে: ১৯-২০)

বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন দেখে সন্তুষ্টি প্রকাশ করেছে ওআইসি, রাশিয়া, ফিলিস্তিন ও গাম্বিয়ার পর্যবেক্ষকরা। (রে. টুডে: ২১)

আবারও রোহিঙ্গা শরণার্থী শিবিরে আগুনের ঘটনা ঘটেছে। কক্সবাজারের উখিয়া উপজেলায় রোহিঙ্গা ক্যাম্পে অগ্নিকাণ্ডে প্রায় ৫০০ অস্থায়ী আশ্রয়কেন্দ্র পুড়ে গেছে। এতে অন্তত আড়াই হাজার শরণার্থী গৃহহীন হয়ে পড়েছেন। (ডয়চে ভেলে: ১৪)

# বিবিসি

## নির্বাচনের ভোট গণনা কীভাবে হয় ?

বাংলাদেশে রবিবার সকাল আটটা থেকে বিকাল চারটা পর্যন্ত সারাদেশে জাতীয় সংসদের ২৯৯টি আসনে দ্বাদশ জাতীয় নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। তবে বেলা ৪টার পরেও যদিও কেন্দ্রের ভেতরে চারশো গজের বেষ্টনীর ভেতর থাকা কোন ভোটার অপেক্ষমাণ থাকলে, তার ভোট গ্রহণ করার বাধ্যবাধকতা রয়েছে। সেক্ষেত্রে ৪টা পর্যন্ত ওই চারশো গজের ভেতরে থাকা প্রতিটি ভোটার ভোট দেয়ার সুযোগ পাবেন। বেসরকারি নির্বাচন পর্যবেক্ষণ সংস্থা জানিপপের চেয়ারম্যান প্রফেসর ড. নাজমুল আহসান কলিমউল্ল্যাহ বিবিসি বাংলাকে বলছেন, ভোটগ্রহণ শেষে ভোট গণনা, বেসরকারি ফলাফল প্রকাশ, চূড়ান্ত ফল প্রকাশ এবং নির্বাচনি বিরোধ নিষ্পত্তির মতো কয়েকটি গুরুত্বপূর্ণ ধাপ রয়েছে।
প্রসঙ্গত, রবিবারের এ নির্বাচনে দেশজুড়ে ৪২ হাজারের বেশী কেন্দ্রে ভোট দেয়ার সুযোগ পাবেন প্রায় ১২ কোটি ভোটার। নির্বাচন কমিশনের অতিরিক্ত সচিব মোখলেসুর রহমান শুক্রবার এক সংবাদ সম্মেলনে জানিয়েছেন, ভোট শেষে প্রতিটি কেন্দ্রেই ব্যালট গণনা করে ফল ঘোষণা করবেন প্রিজাইডিং অফিসার। এরপর সেটি পাঠিয়ে দিবেন রিটার্নিং অফিসারের কাছে। “রিটার্নিং অফিসার প্রাপ্ত ফল নির্বাচন কমিশনে পাঠাবেন। কমিশন সেটি ঢাকায় আনুষ্ঠানিকভাবে বেসরকারি ফল হিসেবে প্রকাশ করবে,” বলছিলেন তিনি। কমিশন জানিয়েছে নির্বাচন নিরাপদে সম্পন্ন করতে প্রায় সাত লাখের কাছাকাছি আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য, সাত লাখ বেসামরিক কর্মকর্তা ও প্রায় এক লাখ পর্যবেক্ষক, সাংবাদিকসহ নির্বাচন সংশ্লিষ্ট ব্যক্তিরা দায়িত্ব পালন করবেন। প্রফেসর ড. নাজমুল আহসান কলিমউল্ল্যাহ বিবিসি বাংলাকে বলেছেন, ভোটগ্রহণ শেষ হওয়ার পর একটি কেন্দ্রের সবগুলো বুথের ব্যালট বাক্সগুলো একটি নির্ধারিত কক্ষে আনা হবে গণনার জন্য। “এরপর প্রার্থীদের এজেন্টসহ সংশ্লিষ্ট সবার উপস্থিতিতে স্বচ্ছ ব্যালট বাক্সগুলো থেকে ব্যালট পেপার গুলো বের করা হবে গণনার জন্য,” বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। গণনা শেষ হলে সবার প্রাপ্ত ভোট উল্লেখ করে যে তালিকা হবে সেটিতে পোলিং এজেন্টসহ সংশ্লিষ্টদের স্বাক্ষর নিয়ে রিটার্নিং অফিসারের কাছে পাঠিয়ে দিবেন ঢাকায় নির্বাচন কমিশনে পাঠানোর জন্য। মূলত কেন্দ্রগুলোতে ভোট গণনার যে ফল সেখান থেকে এজেন্টদের মাধ্যমে জনসাধারণ ঐ কেন্দ্রের ফল জেনে যায়। তবে গণনা শেষে ব্যালট পেপারসহ সব জিনিসপত্র কন্ট্রোল রুমে নেয়া হয় সংরক্ষণের জন্য। গণপ্রতিনিধিত্ব সংশোধন আইন অনুযায়ী এসব ডকুমেন্টস একটি নির্দিষ্ট সময় পর্যন্ত সংরক্ষণের নিয়ম আছে। রিটার্নিং অফিসারের কাছ থেকে ফল পাওয়ার পর নির্বাচন কমিশন ঢাকা থেকে সংসদীয় আসন ভিত্তিক বেসরকারি ফল প্রকাশ করে।
নির্বাচন কমিশন ইতোমধ্যেই সব জেলার জন্য একজন করে রিটার্নিং অফিসার নিয়োগ করেছে। তবে ঢাকা ও চট্টগ্রামের জন্য দুজন রিটার্নিং অফিসার নিয়োগ দেয়া হয়েছে। নির্বাচন কমিশন বেসরকারি ফলাফল প্রকাশ করার কয়েকদিনের মধ্যে গেজেট আকারে চূড়ান্ত ফল প্রকাশ করে থাকে। তবে গণপ্রতিনিধিত্ব সংশোধন আইন ২০২৩ অনুযায়ী চূড়ান্ত ফল প্রকাশ হলেও ব্যালট পেপার সিলগালা অবস্থায় নিরাপদ স্থানে সংরক্ষণ করতে হবে এবং এক বছর সংরক্ষণে রাখতে হবে। পরে প্রয়োজন হলে উচ্চ আদালত এগুলো খোলার বা পরিদর্শনের আদেশ দিতে পারবে। এছাড়া আইন অনুযায়ী নির্বাচনে অংশ নেয়া প্রার্থীরা পরবর্তী নব্বই দিনের মধ্যে নির্বাচনের ব্যয়ের বিস্তারিত বর্ণনা দিয়ে ব্যয় বিবরণী দাখিল করবে। নিবন্ধিত দলগুলো তাদের প্রার্থীদের ব্যয় বিবরণী দাখিলে ব্যর্থ হলে কমিশন তার নিবন্ধন বাতিল করতে পারে। পরে প্রার্থীদের দাখিলকৃত বিবরণী রিটার্ন বা দলিলাদি কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। এর মধ্যে কোন প্রার্থী চাইলে নির্বাচন বাতিল বা নির্বাচিত প্রার্থীর নির্বাচন বাতিল চেয়ে হাইকোর্টে যেতে পারবেন। আইনে বলা হয়েছে হাইকোর্ট বিভাগ কোন কারণে নির্বাচনি দরখাস্তের বিচার মুলতুবি রাখবে না এবং ছয় মাসের মধ্যে নিষ্পত্তির চেষ্টা করবে। নির্বাচনে মারাত্মক দুর্নীতি বা বেআইনি কার্য সংঘটিত হলে হাইকোর্ট নির্বাচন সম্পূর্ণ বাতিল করতে পারবে। মি. কলিমউল্ল্যাহ বলছেন কেউ আইনি পদক্ষেপ নিলেও তার নিষ্পত্তি সময়সাপেক্ষ ব্যাপার। “বরং নির্বাচন কমিশনের চূড়ান্ত গেজেটের পরই নির্বাচিতদের শপথ আয়োজনের ব্যবস্থা নিয়ে থাকে সংসদ সচিবালয়,” বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। অন্যদিকে নির্বাচন শেষ হয়ে গেলেও সহিংসতা রোধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী দশই জানুয়ারি পর্যন্ত নির্বাচনি এলাকাগুলোতে অবস্থান করবে। (বিবিসি ওয়েব পেজ: ৭.১.২৪ রিহাব)

## যেভাবে শেষ পর্যন্ত সম্পন্ন হল সাতই জানুয়ারির নির্বাচন

স্বল্প ভোটার উপস্থিতি এবং বিভিন্ন স্থানে সহিংসতাসহ নানা ঘটনার মধ্যদিয়ে সারাদেশে দ্বাদশ সংসদ নির্বাচনের ভোটগ্রহণ শেষ হয়েছে। নির্বাচনের শেষ দিকে এসে জাতীয় পার্টিসহ বিভিন্ন দলের অনেক প্রার্থী অনিয়মের অভিযোগ তুলে নির্বাচন থেকে সরে দাঁড়িয়েছেন। নির্বাচন কমিশন অবশ্য বলেছে, নির্বাচন সুষ্ঠু হয়েছে, তবে অনিয়মের অভিযোগে নয়টি আসনের ২১ কেন্দ্রের ভোট স্থগিত করা হয়েছে। এছাড়া আওয়ামী লীগের একজন প্রার্থীর প্রার্থিতা বাতিল করেছে নির্বাচন কমিশন। বিরোধী দল বিএনপি দাবি করেছে যে, ভোটাররা তাদের আহ্বানে সাড়া দিয়ে ভোট বর্জন করেছে। অন্যদিকে, আওয়ামী লীগ বলেছে ভোট বর্জনের আহ্বান যারা দিয়েছে তাদেরই ভোটাররা বর্জন করেছেন। এছাড়া ভোটারদের উপস্থিতিও সন্তোষজনক ছিল বলে আখ্যায়িত করেছে দলটি।

তবে প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল এক সংবাদ সম্মেলনে বলেছেন শেষ পর্যন্ত নির্বাচনে ৪০ শতাংশের মতো ভোট পড়েছে এবং তার মতে সহিংসতার যে শঙ্কা ছিলো "শেষ পর্যন্ত তেমনটি হয়নি"। “নির্বাচন অবাধ ও সুষ্ঠু হয়েছে। ভোটাররা স্বতঃস্ফূর্তভাবে কেন্দ্রে এসে স্বাধীনভাবে তাদের ভোট প্রয়োগ করেছেন। নির্বাচনকে অবাধ ও সুষ্ঠু করতে কমিশন চেষ্টার কোনও ত্রুটি রাখেনি,” বলছিলেন তিনি। যদিও সকালে নিজের ভোট দিয়ে নির্বাচন ভবনে ফিরে এসে প্রধান নির্বাচন কমিশনার বলেছিলেন যে তিনি ভোটকেন্দ্রে নৌকার পোলিং এজেন্ট ছাড়া অন্য কারও এজেন্ট দেখতে পাননি।

প্রসঙ্গত, দেশ জুড়ে তিনশ সংসদীয় আসনের মধ্যে ২৯৯টি আসনে আজ (রবিবার) ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়েছে। বিএনপি ও সমমনা দলগুলো নির্দলীয় সরকারের অধীনে নির্বাচনের দাবি করে এ নির্বাচন বর্জন করে দেশবাসীকে ভোটে অংশ না নেয়ার আহ্বান জানিয়েছিল। অন্যদিকে, পনেরো বছর ধরে ক্ষমতায় থাকা আওয়ামী লীগ ও তাদের রাজনৈতিক মিত্ররাই এ নির্বাচনে অংশ নিয়েছে এবং আজকের নির্বাচনের মাধ্যমে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা টানা চতুর্থ বারের মতো প্রধানমন্ত্রী হতে যাচ্ছেন। বিকেল সাড়ে পাঁচটায় প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল ৪০ শতাংশের মতো ভোট পড়ার তথ্য দিলেও এর আগে কমিশন বেলা তিনটা পর্যন্ত সারা দেশে ২৭.১৫% ভোট পড়ার তথ্য দিয়েছিলো। বিভিন্ন স্থান থেকে বিবিসির সংবাদদাতারা জানিয়েছেন, সকাল থেকেই ভোট পড়ার হার ছিল খুবই কম। কোনও কোনও কেন্দ্র ভোটার শূন্যও ছিলো দীর্ঘ সময় ধরে। এমনকি অনেক ক্ষেত্রে ভোটগ্রহণ শুরু হওয়ার বেশ কিছুক্ষণ পরে ভোটারদের আসতে দেখা গেছে। আবার বেশির ভাগ ভোটকেন্দ্রেই আওয়ামী লীগের এজেন্ট ছাড়া অন্য প্রার্থীদের এজেন্ট দেখা যায়নি। বেলা বাড়ার সাথে সাথে কোথাও কোথায় ভোটার কিছুটা দেখা গেলেও রাজধানীর ঢাকার ভোটকেন্দ্রগুলোতে ভোটার দেখা গেছে খুবই কম।

মুন্সীগঞ্জে একজনের মৃত্যু, চট্টগ্রামে বিএনপি কর্মীদের সঙ্গে ধাওয়া পাল্টা ধাওয়া, চট্টগ্রামে দুই পক্ষের সংঘর্ষে দুইজন গুলিবিদ্ধ হওয়ার ঘটনা ঘটেছে। নির্বাচনে অনিয়ম, সংঘাত ও জোর করে ব্যালটে সিল মারার অভিযোগে কয়েকটি কেন্দ্রের ভোটগ্রহণ বন্ধ করা হয়েছে। জোর করে সিল মারার অভিযোগে একজন মন্ত্রীর ছেলেকে আটকের নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। ঐ অভিযোগে একটি কেন্দ্রের ভোট বাতিল করা হয়েছে দিনের শুরুতেই। এছাড়া জাল ভোট দেয়ার কারণে ব্রাহ্মণবাড়িয়া জেলার বিভিন্ন আসন থেকে মোট ১০ জনকে আটক করে বিভিন্ন মেয়াদে সাজা দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। ব্রাহ্মণবাড়িয়ার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মো. আব্দুল্লাহ আল মামুনের বরাত দিয়ে বিবিসি বাংলাকে এ তথ্য জানান জেলার স্থানীয় সাংবাদিক মাসুক হৃদয়। কক্সবাজার-১ আসনের আওয়ামী লীগ দলীয় বর্তমান এমপি ও নির্বাচনের স্বতন্ত্র প্রার্থী জাফর আলম ভিডিও বার্তায় অভিযোগ করেছেন, “আজ দুপুর ১২টার পর থেকে একটি বিশেষ গোয়েন্দা সংস্থা ও বিজিবি, তারা সকলে কেন্দ্র দখল করে আমার এজেন্টদের পিটিয়ে বের করে দিয়ে কেন্দ্র দখল করে। এটা প্রতিহত করতে গিয়ে প্রাণহানির চেয়ে আমি নির্বাচন থেকে সরে দাঁড়ালাম,” ভিডিও বার্তায় বলেছেন তিনি।

চট্টগ্রাম-১২ আসনের স্বতন্ত্র প্রার্থী শামসুল হক অভিযোগ করেছেন যে অন্তত বিশটি কেন্দ্রে তার এজেন্টদের ঢুকতে দেয়া হয়নি বা বের করে দেয়া হয়েছে। মি. হক একাদশ সংসদে আওয়ামী লীগ দলীয় সদস্য ও হুইপ। দলীয় মনোনয়ন না পেয়ে তিনি স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচন করছেন।

এদিকে, জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদের বলেছেন, "আমরা যেটা আশঙ্কা করছি সেটা হলো, আমাদেরকে ভোটে নিয়ে এসে শেষ পর্যন্ত কোরবানি দিয়ে একদলীয় শাসন ব্যবস্থা চালু করা হয় কি না। এটা নিয়ে আমরা একটু শঙ্কিত।" নির্বাচন বর্জনের আহ্বান জানিয়ে হরতাল পালন করছে বিএনপি। চট্টগ্রামে হরতালের সমর্থনে মিছিলে পুলিশের সাথে দফায় দফায় সংঘর্ষ হয়েছে।

ফরিদপুর-৩ আসনের অনেক কেন্দ্র থেকে এজেন্টদের বের করে দেওয়ার অভিযোগ করেছেন স্বতন্ত্র প্রার্থী এ. কে. আজাদ। একটি কেন্দ্রে তাকে ঘেরাও করা হয়েছে বলে অভিযোগও করেছেন আওয়ামী লীগের প্রার্থীর বিরুদ্ধে। নির্বাচন কমিশনের নিয়ন্ত্রণ কক্ষ থেকে জানা যাচ্ছে, সারা দেশে ভোটে ৩৭টি স্থানে অনিয়ম ও গোলযোগের ঘটনার খবর পাওয়া গেছে। জাল ভোটের অভিযোগে আটক করা হয়েছে ছয় জনকে। দক্ষিণাঞ্চলীয় জেলা বরগুনায় একজনকে ছয় মাসের কারাদণ্ড দেয়া হয়েছে। অন্যদিকে, আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে চট্টগ্রামের একজন মহিলা চেয়ারম্যান আটক করা হয়েছে।

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে বলেছেন নির্বাচন বর্জনের জন্য তারা যে আহ্বান জানিয়েছিলেন তার প্রতি মানুষ অভূতপূর্ব রায় দিয়েছে। “আওয়ামী লীগ এক থেকে দেড় পার্সেন্ট, বড় জোর দুই পার্সেন্টের বেশি ভোটারকে ভোট কেন্দ্রে নিয়ে যেতে পারেনি। ২০১৪ আর ২০২৪ যেন মুদ্রার এপিঠ আর ওপিঠ,” বলছিলেন তিনি। এর আগে সকালে ঢাকার কুর্মিটোলায় এক সমাবেশে মি. রিজভী বলেছিলেন, "আজ একতরফা নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। ভোটকেন্দ্রে কোনো ভোটার নেই। একতরফা এই নির্বাচনেও রাতে ব্যালট বাক্স ভরে রাখা হয়েছে"।

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের সন্ধ্যায় এক সংবাদ সম্মেলনে বলেছেন এ নির্বাচনের মাধ্যমে সারা বিশ্ব ও বাংলাদেশ জনগণের বিজয় প্রত্যক্ষ করবে। "সারাদেশে উৎসবমুখর পরিবেশে ভোট হয়েছে। ভোটকেন্দ্রে

ভোটারদের উপস্থিতি ছিল। জনগণ নির্বিঘ্নে তাদের পছন্দের প্রার্থীদের ভোট দিয়েছেন," বলেছেন তিনি। মি. কাদের বলেন, এ নির্বাচনে কোন ধরণের ভয়, ভীতি বা হস্তক্ষেপ হয়নি। এ নির্বাচন দেশের গণতান্ত্রিক অগ্রযাত্রাকে শক্তিশালী করবে বলেও দাবি করেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ৭.১.২৪ রিহাব)

# ভয়েস অফ আমেরিকা

## আইনমন্ত্রী নির্বাচনকে "গণতন্ত্র রক্ষার ভোট" বলে বর্ণনা করলেন

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, যে ভোট হচ্ছে তা গণতন্ত্র রক্ষার ভোট। ''আমরা ইনশাল্লাহ বিজয়ী হয়ে গণতন্ত্র রক্ষা করবো,'' তিনি বলেন। রবিবার ৭ তারিখ বেলা ১২টায় কসবা উপজেলার পানিয়ারুপ সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে ভোট প্রদান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। আনিসুল হক ব্রাহ্মণবাড়িয়া-৪ (কসবা-আখাউড়া) আসন থেকে বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী। যারা নির্বাচনকে প্রতিহত করার জন্য হরতাল ও অসহযোগ আন্দোলনের ডাক দিয়েছে, তাদের বিষয়ে সাংবাদিকরা আইনমন্ত্রীর প্রতিক্রিয়া জানতে চাইলে তিনি বলেন, দেশে আইনের শাসন আছে।''কেউ অসহযোগ, অন্যায় বা অপরাধ করলে আইন তার নিজস্ব গতিতে চলবে,'' তিনি বলেন। আইনমন্ত্রী বলেছেন, বাংলাদেশের মানুষ এ হরতাল মানে না। তারা হরতাল প্রত্যাখ্যান করেছে। এক প্রশ্নের জবাবে আনিসুল হক বলেন, বিএনপিতে গণতন্ত্রমনা যারা আছেন, তারা ''অবশ্যই ভুল করেছেন।''''তার কারণ হচ্ছে, তারা জনগণের কাছে তাদের গ্রহণযোগ্যতার পরীক্ষা দেননি,'' তিনি বলেন।(ভোয়া ওয়েব পেজ: ০৭.০১.২০২৪ এলিনা)

## চট্টগ্রামে আওয়ামী লীগ প্রার্থীর প্রার্থিতা বাতিল

আইন-শৃঙ্খলা বাহিনীকে হুমকি প্রদর্শনের অভিযোগে চট্টগ্রামে আওয়ামী লীগ প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হয়েছে। আচরণবিধি লঙ্ঘনের দায়ে চট্টগ্রাম-১৬ আসনের আওয়ামী লীগ প্রার্থী মুস্তাফিজুর রহমানের প্রার্থিতা বাতিল করেছে নির্বাচন কমিশন। নির্বাচন কমিশন সচিব মো. জাহাঙ্গীর আলম বলেছেন, তার বিরুদ্ধে আচরণবিধি লঙ্ঘনের দায়ে মামলা হয়েছিল। মুস্তাফিজুর রহমানের বিরুদ্ধে অভিযোগ, তিনি আইন-শৃঙ্খলা বাহিনীকে হুমকি প্রদর্শন করেছেন। মো. জাহাঙ্গীর আলম আরও জানান, সকাল ৮টায় ভোট শুরুর পর থেকে বেলা তিনটা পর্যন্ত সারাদেশে মোট ২৬ দশমিক ৩৭ শতাংশ ভোট পড়েছে। রবিবার (৭ জানুয়ারি) বিকেলে সাড়ে তিনটায় রাজধানী আগারগাঁও নির্বাচন ভবনের মিডিয়া সেন্টারে আয়োজিত সাংবাদিক সম্মেলনে তিনি এই তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, এই পর্যন্ত সাতটি কেন্দ্রে ভোট বাতিল হয়েছে এবং ১৫ ব্যক্তিকে জাল ভোট দেয়া কিংবা জাল ভোটে সহায়তা করার জন্য শাস্তি বা দণ্ড দেওয়া হয়েছে। এর মধ্যে প্রিজাইডিং অফিসার ও সহকারী প্রিজাইডিং সহ যারা জাল ভোট প্রদান করতে গেছেন তারাও রয়েছেন। ছোটখাটো ৩০/৩৫ জায়গায় ভোট কেন্দ্রের বাইরে ধাওয়া পালটা ধাওয়া হয়েছে।''কোথাও আমাদের পুলিশের গাড়িতে ইট মেরে গ্লাস ভাঙা হয়েছে। কোথাও ভোট কেন্দ্রের পাশে ককলেট বিস্ফোরণ হয়েছে,'' তিনি বলেন। তিনি বলেন, এই পর্যন্ত অনাকাঙ্ক্ষিত ঘটনায় একজনের প্রাণহানি ঘটেছে। যেটা নিয়ে আইন-শৃঙ্খলা বাহিনী তদন্ত করছে, তদন্ত শেষে প্রকৃত ঘটনা জানা যাবে। (ভোয়া ওয়েব পেজ: ০৭.০১.২০২৪ এলিনা)

## সারা দেশে প্রথম চার ঘণ্টায় ১৮.৫০ শতাংশ ভোট পড়েছে

নির্বাচন কমিশন সচিব মো. জাহাঙ্গীর আলম বলেছেন, আজ ৭ জানুয়ারি সকাল ৮টা থেকে ভোট গ্রহণ শুরু হবার পর প্রথম চার ঘণ্টায় সারাদেশে ১৮ দশমিক ৫০ শতাংশ ভোট পড়েছে। তিনি বলেন, দুপুর ১২ টা থেকে ১২ টা ১০ পর্যন্ত ভোটগ্রহণের যে পার্সেন্টটেজ সেটা ঢাকা বিভাগে ১৭ ভাগ, চট্রগ্রাম বিভাগে ২০ ভাগ, সিলেটে ১৮ ভাগ, বরিশালে ২২ ভাগ, খুলনায় ২১ ভাগ, রাজশাহীতে ১৭ ভাগ, ময়মনসিংহে ২০ ভাগ।''সে হিসাবে গড়ে ৮টি বিভাগে ১৮ দশমিক ৫০ শতাংশ ভোট পড়েছে বলে আমরা বিভিন্ন তথ্য পেয়েছি,'' তিনি বলেন। দেশে ৩০০টি আসনের মধ্যে ২৯৯টি আসনে ভোটগ্রহণ করা হচ্ছে। এই পর্যন্ত প্রাপ্ত তথ্যমতে, ৩টি ভোট কেন্দ্র বাতিল করা হয়েছে। যার ১টি হচ্ছে নরসিংদীতে বাকি ২টি ভোট কেন্দ্র বাতিল হয়েছে নারায়ণগঞ্জের আড়াইহাজার উপজেলায়। রবিবার (৭ জানুয়ারি) দুপুর সোয়া একটায় নির্বাচন কমিশনর মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ইসি সচিব এসব কথা বলেন। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, সারাদেশে ৫টি কেন্দ্রের ভোট স্থগিত করা হয়েছিলো বর্তমানে সেগুলো আবার চালু হয়েছে। তবে একটি কেন্দ্রে জোর করে ১২০০ ভোট সিল মেরেছিলো।''সেই কেন্দ্রটির ভোট বাতিল করা হয়েছে। যারা এই অপকর্মের সাথে জড়িত তাদেরকে পুলিশ ধরার চেষ্টা করছে,'' তিনি বলেন।(ভোয়া ওয়েব পেজ: ০৭.০১.২০২৪ এলিনা)

## বিএনপির আন্দোলন 'সফল' হয়েছে, বললেন মঈন খান

সাজানো নির্বাচনের নাটকের শেষ অংশ আজ সকাল থেকে মঞ্চাস্থ হচ্ছে বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান। তিনি বলেন, "গত এক বছর ধরে আমরা বলে আসছি, বাংলাদেশের মানুষ এই সরকারকে বর্জন করেছে। সেই কথাটি আজকে ভোট বর্জনের মধ্যদিয়ে জনগণ দেশে-বিদেশে সবার সামনে প্রমাণ করেছে।""সরকারের নির্বাচনের নাটক আজকে সারা বিশ্বে উন্মোচিত হয়ে গেছে,'' তিনি বলেন। রবিবার (৭ জানুয়ারি) রাজধানীর গুলশানে নিজ বাসভবনে এই কথা বলেন তিনি। তিনি বলেন, সকালের ভোট শুরু হবার পর থেকে তারা বিভিন্ন ভোট কেন্দ্রের ছবি সংগ্রহ করেছেন। কিছু-কিছু ভোট কেন্দ্রের সামনে কিছু লোককে দাঁড় করিয়ে রাখা হয়েছে

বলে অভিযোগ করেন মঈন খান। তিনি বলেন, ''এটা দেখলে বোঝা যায়, তারা ভোটার নয়। আওয়ামী লীগের অঙ্গ-সংগঠনের নেতাকর্মীরা মানুষকে ভয়-ভীতি ও লোভ দেখিয়ে দাঁড় করিয়ে রেখেছে।''এটা করে সরকার নিজেদেরকে প্রতারিত করতে পারবে, কিন্তু বিশ্বকে করতে পারবে না,'' তিনি বলেন। গত ৭৯ দিনে বিএনপির ২৬ হাজার নেতাকর্মীকে সরকার গ্রেফতার করেছে বলে দাবি করেন জনাব মঈন খান। তিনি বলেন, ''কিন্তু আমাদের যে আন্দোলন সেটা থেকে সরাতে পারেনি।''''আমরা শান্তিপূর্ণ আন্দোলনে বিশ্বাসী। আমাদের সেই আন্দোলন সফল হয়েছে। কিন্তু আওয়ামী লীগ যে রাস্তায় দাঁড়িয়ে লগি-বৈঠার আন্দোলন করে, মানুষ পুড়িয়ে মারে, সেটাতো বিএনপি করে না।''বিএনপির স্থায়ী কমিটির এই নেতা বলেন, দেশে এবং আন্তর্জাতিক বিশ্বের রিপোর্টে প্রকাশ করে দিয়েছে, এই নির্বাচন একটি ভুয়া নির্বাচন।(ভোয়া ওয়েব পেজ: ০৭.০১.২০২৪ এলিনা)

## শেখ হাসিনা বলেন, বাধা-বিপত্তি সত্ত্বেও নির্বাচন সুষ্ঠু হচ্ছে

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকাল ৮ টায় ঢাকা সিটি কলেজ কেন্দ্রে ভোট দেবার পর, উপস্থিত গণমাধ্যম কর্মীদের বলেন, " নির্বাচনটা আমরা যে সুষ্ঠুভাবে করতে পারছি, এজন্য আমি আমার দেশের মানুষের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি।" তিনি আরও বলেন, "অনেক বাধা ছিল, বিপত্তি ছিল, কিন্তু দেশের মানুষ তাদের ভোটের অধিকার সম্পর্কে সচেতন হয়েছে। ভোট দেয়ার সেই পরিবেশটা আমরা তৈরি করতে পেরেছি।" শেখ হাসিনা বিএনপি এবং জামায়াতের বিরুদ্ধে "নানাভাবে নৈরাজ্য সৃষ্টি" করার অভিযোগ তোলেন। "তারা দেশের মানুষের কল্যাণ চায় না, গণতান্ত্রিক ধারা চায় না বলেই সন্ত্রাস নৈরাজ্য করছে," তিনি বলেন। যুক্তরাষ্ট্রের ভিসানীতি নিয়ে প্রধানমন্ত্রী বলেন, যারা হরতাল করছে, যারা ভোটে বাধা দিচ্ছে, তারাও বাংলাদেশের নাগরিক। আমি চাইনা আমার দেশের নাগরিকের উপর কোন নিষেধাজ্ঞা আসুক, বিরোধী দল হোক আর যেই হোক। তিনি বলেন, অনেক সংগ্রাম করে মানুষের ভোটের অধিকার নিশ্চিত করতে হয়েছে। জনগণ যাকে খুশি তাকে ভোট দিবে- এটাই বড় কথা। আর বিএনপি ভোটের পক্ষে থাকার কথা নয় তাদের উৎথান সন্ত্রাসের মাধ্যমে। এক প্রশ্নের জবাবে আওয়ামী লীগ সভাপতি বলেন বলেন, নিজ ঘরে ক্ষমতার জন্য যারা সন্ত্রাস করে তারা জনগণের রাজনীতি করে না। তিনি বলেন, গণতান্ত্রিক দেশে গণতন্ত্র ও স্থিতিশীলতা ধরে রাখতে যা যা করণীয় তা করেছে আওয়ামী লীগ সরকার। জনগণ আওয়ামী লীগের পাশে আছে।
(ভোয়া ওয়েব পেজ: ০৭.০১.২০২৪ এলিনা)

## বিএনপির রিজভির অভিযোগ, রাতে ব্যালট বাক্স ভরা হয়েছে

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী অভিযোগ করেছেন, তার ভাষায়, ''একতরফা নির্বাচনেও আগের রাতে ব্যালট বাক্স ভরে রাখা হয়েছে।''তিনি বলেন, ''ভোট কেন্দ্রে কোনও ভোটার নেই। এ নির্বাচনে জনগণ যায়নি। গতকাল তারা ব্যালট বাক্স ভরে রেখেছে।''নির্বাচন বর্জন ও হরতালের সমর্থনে আজ সকাল ৯টায় কুর্মিটোলা বাসস্ট্যান্ড থেকে এয়ারপোর্ট অভিমুখে মিছিল শেষে তিনি এসব অভিযোগ করেন। রবিবার (৭ জানুয়ারি) সকালে ভোট বর্জন ও অসহযোগ আন্দোলনের পক্ষে ডাকা হরতাল সফলে সকাল ৯টায় দিকে কুর্মিটোলা বাসস্ট্যান্ড এলাকায় স্থানীয় নেতাকর্মীদের মিছিল করে। বিএনপির আন্দোলন চলবে বলে উল্লেখ করে রিজভী সবাইকে আজকের হরতাল সফল করার আহ্বান জানান।(ভোয়া ওয়েব পেজ: ০৭.০১.২০২৪ এলিনা)

## বিএনপি অফিসে তালা, কোথাও কেউ নেই

রবিবার (৭ জানুয়ারি) সকাল সাড়ে ৯ টার দিকে সরেজমিনে দেখা যায়, বিএনপির কার্যালয়ে ঝুলছে তালা। কার্যালয়ে কলাপসিবল গেটের ভেতরে ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে কয়েকটি আসবাবপত্র ও ময়লা। আর পাশের ফুটপাতে অবস্থান নিয়েছে পুলিশের কয়েকজন সদস্য। আশেপাশের দোকানগুলো বন্ধ রয়েছে। ভোট বর্জনের দাবিতে ৬ জানুয়ারি সকাল থেকে ৮ জানুয়ারি সকাল পর্যন্ত ৪৮ ঘণ্টার হরতালের কর্মসূচি পালন করছে বিএনপি। বিএনপির মিড়িয়া সেলের অন্যতম সদস্য শায়রুল কবির খান ভয়েস অব আমেরিকা বলেন, ২৮ অক্টোবরের পর থেকে বিএনপির কার্যালয় বন্ধ রয়েছে। মূলত কার্যালয়ে কেউ আসলে আইন-শৃঙ্খলা বাহিনী তাকে গ্রেফতার করছে। গত ২৮ অক্টোবর ঢাকায় বিএনপির মহাসমাবেশ কেন্দ্র করে পুলিশ ও বিএনপির নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের পর থেকে বন্ধ রয়েছে দলটির কেন্দ্রীয় কার্যালয়। সেই হিসেবে ২ মাস ১০ দিন বন্ধ রয়েছে দলটির নয়াপল্টনস্থ কার্যালয়। এই পুরোটা সময় অজ্ঞাত স্থান থেকে নিয়মিত ভার্চুয়াল সংবাদ সম্মেলন ও বিবৃতি পাঠিয়ে আসছে তারা। খান বলেন, এর আগে শুধু একবার এতো দীর্ঘ সময় বিএনপির কার্যালয় বন্ধ ছিলো। সেটা হচ্ছে ১/১১ সরকারের সময়, যখন ২০০৭ সালের ৩ সেপ্টেম্বর দলীয় চেয়ারপারসন খালেদা জিয়াকে গ্রেফতার করা হয়। ঐ সময় তিনি জাতীয় সংসদ ভবন এলাকায় স্থাপিত সাব-জেলে ৩৭২ দিন কাটানোর পর ১১ সেপ্টেম্বর মুক্তি পান। তখন আবার দলীয় কার্যালয় খুলে স্বাভাবিক কার্যক্রম পরিচালনা করা হয়।(ভোয়া ওয়েব পেজ: ০৭.০১.২০২৪ এলিনা)

## চট্টগ্রামে বিএনপির সাথে পুলিশের সংঘর্ষ

চট্টগ্রাম মহানগরীর চান্দগাঁও এলাকায় পুলিশ ও বিএনপির নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে বলে জানিয়েছে বার্তা সংস্থা ইউএনবি। রবিবার (৭ জানুয়ারি) ভোটগ্রহণ শুরুর এক ঘণ্টার মাথায় সকাল ৯টার দিকে মৌলভী পুকুর এলাকায় এ ঘটনা ঘটে। চান্দগাঁও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জাহিদুল কবির জানান, বিএনপির নেতা-কর্মীরা কেন্দ্রে

ভোটার আসতে বাধা দিলে পুলিশ তাদের ধাওয়া করে। এ সময় তারা পুলিশের উপর হামলা করে। পরে সংঘর্ষ বেঁধে যায়। স্থানীয়রা জানান, মহানগরীর মৌলভী পুকুর এলাকায় ভোটারদের ভোট দিতে বাধা দেয় বিএনপির নেতা-কর্মীরা। এ সময় পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তাদের ধাওয়া দেয়। এতে বিএনপির নেতা-কর্মীরা পুলিশকে লক্ষ্য করে ইট-পাটকেল নিক্ষেপ করেন।(ভোয়া ওয়েব পেজ: ০৭.০১.২০২৪ এলিনা)

## ওবায়দুল কাদের বললেন, বর্জনকারীদের বর্জন করেছে ভোটাররা

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের ভোট দেবার পর বলেছেন, ''উৎসবমুখর পরিবেশে ভোটাররা স্বতঃস্ফূর্তভাবে ভোট দিচ্ছেন।'' তিনি বলেন, ''ভোট বর্জনকারীদের বর্জন করেছেন ভোটাররা।''সকালে দশটার পরে বসুরহাট পৌরসভার ১নং ওয়ার্ডের বড় রাজাপুরে উদয়ন ফ্রি ক্যাডেট একাডেমি কেন্দ্রে (নিজ বাড়ি সংলগ্ন) ভোট দেন। তিনি প্রতিদ্বন্দ্বিতা করছেন নোয়াখালী-৫ আসন থেকে। নোয়াখালী জেলা আওয়ামী লীগ সূত্রে এই তথ্য জানা গেছে। আওয়ামী লীগের টানা তিনবারের এই সাধারণ সম্পাদক ২০০৮ সাল থেকে নোয়াখালী-৫ আসনের সংসদ সদস্য নির্বাচিত হয়ে আসছেন। চার লাখ চার হাজার ৯৭৭ জন ভোটারের এই আসনে এবারও বাধাহীন প্রার্থী ওবায়দুল কাদের। আসনটিতে নৌকার কোনো বিদ্রোহী প্রার্থী নেই। ওবায়দুল কাদেরের বিপক্ষে অবস্থান নেওয়া চারটি ছোট দলের চারজন প্রার্থী। যদিও ভোটের মাঠে প্রচারে খুব একটা দেখা মেলেনি তাদের।
(ভোয়া ওয়েব পেজ: ০৭.০১.২০২৪ এলিনা)

## সিইসি বললেন, সকালের দিকে ভোট 'অল্প অল্প' হয়েছে

প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল বলেছেন, প্রতিদ্বন্দ্বিতামূলক ভোট হতে হলে অবশ্যই প্রত্যেকটা কেন্দ্রে প্রার্থীদের পোলিং এজেন্ট থাকতে হবে। কিন্তু তিনি যে ভোট কেন্দ্রগুলোতে গেছেন, সেখানে সব একই দলের পোলিং এজেন্ট পেয়েছেন। "নৌকার পক্ষের একজন করে পোলিং এজেন্ট পেয়েছি। বাদ বাকি প্রার্থী বা অন্য কোন লোকজন দেখতে পাইনি," তিনি বলেন। রবিবার (৭ জানুয়ারি) সকাল সাড়ে আটটায় রাজধানীর হাবিবুল্লাহ বাহার কলেজ কেন্দ্রে নিজের ভোট দিয়ে এসে সকাল সাড়ে ১০ টায় নির্বাচন কমিশনে (ইসি) ভবনের চতুর্থ তলায় সাংবাদিকদের এসব কথা বলেন প্রধান নির্বাচন কমিশনার। সিইসি বলেন, "আসলে মনে হচ্ছে, প্রতিপক্ষ প্রতিদ্বন্দ্বী যারা, তাদের অনেকের বোধ হয়, সেই সামর্থ নাই। আমরা খুব জোর দিয়ে বলেছিলাম প্রতিদ্বন্দ্বিতামূলক ভোট হতে হলে অবশ্যই প্রত্যেকটা কেন্দ্রে পোলিং এজেন্ট থাকতে হবে।" কাজী হাবিবুল আউয়াল বলেন, ভোট মাত্র শুরু হয়েছে। তিনি আশা করেন ভোটার উপস্থিতি আরও বাড়বে। "আমি একেবারে সকাল সাড়ে ৮টায় কেন্দ্রে গিয়েছিলাম। প্রত্যেকটা সেন্টারে আমি খবর নিয়েছি ভোট হয়েছে, অল্প অল্প, কোথাও ২৫টি কোথাও ৪১টি ভোট পড়েছে।" আজ সারা দেশে হরতাল চলছে, নাশকতার ঘটনা ঘটেছে। এতে করে ভোটারের উপস্থিতিতে কোন প্রভার পড়েছে কি না জানতে চাইলে সিইসি বলেন, "এটা আমি ঠিক করে বলতে পারবো না, ভোটারদের ওপর প্রভাব পড়বে কি, পড়বে না ? আমরা কেবল ভোটটা ম্যানেজ করছি। আর ভোটারদের কীভাবে এগিয়ে আসতে হবে, এ ব্যাপারে আমি কোন মন্তব্য করবো না।" তার মানে কি এটাকে প্রতিদ্বন্দ্বীতাহীন নির্বাচন বলবো, এমন প্রশ্নের জবাবে সিইসি বলেন, জিনিসটা হচ্ছে মানুষ ভোট দেবে, কিন্তু আমরা চেয়েছিলাম পোলিং এজেন্টও থাকুক। যদি কোন রকম অনিয়ম হয় তাহলে যেন প্রতিপক্ষেরর আরেকজন পোলিং এজেন্ট সেটা প্রতিরোধ করতে পারে।
(ভোয়া ওয়েব পেজ: ০৭.০১.২০২৪ এলিনা)

## ভোটকেন্দ্রের নেতাকর্মীদের ভিড়, ভোটার উপস্থিতি কম

ঢাকা-৮ আসনের ৮৯ নাম্বার ভোটকেন্দ্র হচ্ছে হাবিবুল্লাহ বাহার ইউনিভার্সিটি কলেজ। রাজধানীর শান্তিনগর এলাকায় অবস্থিত এই কেন্দ্রের বাইরে মানুষের ভিড় থাকলেও ভেতরে ভোটার উপস্থিতি খুবই কম দেখা গেছে। ভোট শুরুর প্রথম আড়াই ঘণ্টায় এই কেন্দ্রে ভোট পড়েছে মাত্র ৬০টি। কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার এবিএম সাব্বির ভয়েস অব আমেরিকা জানান, তার কেন্দ্রে মোট ভোটার ২৩৯০ জন। তার মধ্যে পুরুষ ভোটার ১৩২৩ জন, মহিলা ভোটার ১০৬৭ জন। তার মধ্যে সকাল সাড়ে ১০ টা পর্যন্ত ৬০ জন ভোট দিয়েছেন। তিনি জানান, সকাল থেকে ভোটারের উপস্থিতি কিছুটা কম ছিলো। ধীরে-ধীরে ভোটারের উপস্থিতি বাড়ছে। ভোটের পরিবেশও ভালো। কোনও ধরণের ঝামেলা হয়নি। সকাল সাড়ে ১১ টার দিকে সরেজমিনে এই কেন্দ্রে গিয়ে দেখা যায়, কেন্দের বাইরে নৌকা প্রতীকের প্রার্থীর ব্যাজ পরা নেতাকর্মীরা অবস্থান নিয়েছে। কেন্দ্রর পাশে নৌকার প্রার্থীর কর্মীরা ভোটাদের সহায়তা করার জন্য ভোটার তালিকাসহ টেবিল-চেয়ার নিয়ে বসে আছে। কিন্তু কেন্দ্রের ভেতরে ভোটারের উপস্থিতি নেই। প্রায় ৪৫ মিনিট কেন্দ্রের ভেতরে অবস্থান করে দেখা গেছে, ৪ জন ভোটার ভোট দিতে এসেছেন। তার মধ্যে ৩ জন মহিলা ও একজন বয়স্ক পুরুষ। নির্বাচন কমিশনের প্রার্থী তালিকা অনুযায়ী, এই আসনে আওয়ামী লীগের নৌকা ও জাতীয় পার্টির লাঙ্গলসহ মোট ১১ জন প্রার্থী ভোটে লড়ছেন। কিন্তু ৮৯ কেন্দ্রের মহিলা ভোটের বুথ-১ ও ২ কক্ষে ঘুরে দেখা গেছে, প্রার্থীদের মধ্যে নৌকা ও তরিকত ফেড়ারেশনের ফুলের মালার প্রার্থীর পোলিং এজেন্ট উপস্থিত রয়েছে। বাকি ৯ প্রার্থীর কোনও পোলিং এজেন্ট এই কেন্দ্রে নেই। এই বিষয়ে এবিএম সাব্বির ভয়েস অব আমেরিকা বলেন, আমাদের কাছে শুধু মাত্র এই দুই প্রার্থীর পক্ষ থেকে পোলিং এজেন্ট দেওয়ার জন্য আবেদন করেছে। বাকি কোনও প্রার্থী পোলিং

এজেন্টের জন্য আবেদন করেনি। কেন্দ্রের বাইরে দাড়িয়ে নৌকা প্রতীকের প্রার্থীদের সমর্থকদের দাঁড়িয়ে থাকা নিয়ে সেখানে উপস্থিত পুলিশ সদস্যদের মধ্যে কথা কাটাকাটি হতে দেখা গেছে। এই বিষয়ে জানতে চাইলে দায়িত্বপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা মানুষ বলেন, নির্বাচন পরিবেশ ভালো আছে। নেতাকর্মীরা এখানে দাঁড়িয়ে ছিলো, তাদেরকে আমরা সরে যেতে বলেছি, তারা সরে গেছে। এর বাইরে কিছু না।(ভোয়া ওয়েব পেজ: ০৭.০১.২০২৪ এলিনা)

## আওয়ামী লীগ নেতা বললেন, জনগণ ইতোমধ্যেই জঙ্গী শক্তিকে প্রতিহত করেছে

আওয়ামী লীগ সভাপতির ধানমন্ডির রাজনৈতিক কার্যালয়ে দলের লিয়াজোঁ ও নির্বাচন সংক্রান্ত মনিটরিং উপ-কমিটির সদস্য সচিব এবং দলের সাংগঠনিক সম্পাদক বি. এম. মোজাম্মেল হক বলেছেন, ‘অত্যন্ত শান্তিপূর্ণভাবে ভোট হচ্ছে। তিনি অভিযোগ করেন যে, তার ভাষায়, “স্বাধীনতা বিরোধী ও জঙ্গী শক্তি জামায়াত-বিএনপি ট্রেনে, বাসে আগুন দিয়েছে, বিভিন্ন ভোট কেন্দ্রে চেষ্টা করেছে আগুন দেওয়ার। কিন্তু জনগণ ইতোমধ্যেই এদের প্রতিহত করেছে,” তিনি বলেন। তিনি বলেন, একটি “অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ” পরিবেশে ভোটাররা দেশের সকল স্থানে তাদের ভোটাধিকার সঠিকভাবে প্রয়োগ করতে পারবে। বি. এম. মোজাম্মেল হক আরও বলেন, আমার ধারণা আমরা যা আশা করি তার চেয়েও সন্তোষজনক ভোট ও ভোটার উপস্থিতি হবে।(ভোয়া ওয়েব পেজ: ০৭.০১.২০২৪ এলিনা)

## সহিংসতার আশঙ্কা কম, বললেন নির্বাচন কমিশনার আনিছুর রহমান

নির্বাচন কমিশনার আনিছুর রহমান ঢাকা সিটি কলেজ কেন্দ্রে ভোট দেয়ার পর সাংবাদিকদের বলেন, সব জায়গায় সময় মতো ভোটে গ্রহণ শুরু হয়েছে এবং সহিংসতার তেমন আশঙ্কা নেই। তিনি জানান, ৯৩ শতাংশ কেন্দ্র ব্যালট পেপার সকাল ৮ টার মধ্যে পেয়ে গেছে। বাকি ৭ শতাংশ গতকাল পাঠানো হয়েছিল।
(ভোয়া ওয়েব পেজ: ০৭.০১.২০২৪ এলিনা)

## ভোট দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকাল ৮টায় ঢাকার সিটি কলেজ কেন্দ্রে ভোটে দিয়েছেন। ভোট কেন্দ্রে তাঁর সাথে ছিলেন কন্যা সায়েমা ওয়াজেদ, বোন শেখ রেহানা আর বোনের পুত্র রাদওয়ান মুজিব সিদ্দিক। আওয়ামী লীগ সভাপতি জাতীয় সংসদ নির্বাচনে গোপালগঞ্জ-৩ আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করছেন। তবে তিনি ধানমন্ডি এলাকার ঢাকা-১০ আসনের ভোটার। এই আসনে আওয়ামী লীগের দলীয় প্রার্থী হয়ে নৌকা প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করছেন চিত্রনায়ক ফেরদৌস আহমেদ। দলীয় প্রধান প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভোট কেন্দ্রে আসার আগে সকাল সাতটা ২৯ মিনিটের দিকে সিটি কলেজ কেন্দ্রে আসেন ফেরদৌস। এছাড়া আওয়ামী লীগের কিছু নেতাকর্মীও এসময় উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভোট দিতে আসাকে কেন্দ্র করে ভোট কেন্দ্র ও আশপাশের এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়। প্রধানমন্ত্রী ভোট দিয়ে চলে যাওয়ার পর এ ভোট কেন্দ্রে সর্বসাধারণের ভোট গ্রহণ শুরু হয়।
(ভোয়া ওয়েব পেজ: ০৭.০১.২০২৪ এলিনা)

## গ্রহণযোগ্যতা নিয়ে পশ্চিমা নয়, দেশের মানুষ সমর্থন দিল কি না সেটাই বড় বিষয়: পররাষ্ট্রমন্ত্রী

নির্বাচনের গ্রহণযোগ্যতা নিয়ে পশ্চিমা দেশ নয় বরং দেশের জনগণ নির্বাচনকে সমর্থন দিল কি না সেটাই বড় বিষয় বলে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন। তিনি বলেন, "দেশের জনগণ সমর্থন দিল কি না, এটাই বড় বিষয়।" "বিদেশি কে, কি বলল, সেটা নিয়ে আমি আগ্রহী নয়। দেশের কে, কি বলেছে সেটাতে আমি বিশ্বাসী।" রবিবার (৭ জানুয়ারি) রাজধানীর সোনারগাঁও হোটেলে বিদেশি পর্যবেক্ষকদের সঙ্গে আলোচনা শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মন্ত্রী একথা বলেন। পশ্চিমা দেশগুলো বাংলাদেশের এবারের নির্বাচন কীভাবে নেবে- এমন প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, পশ্চিমা দেশ নিয়ে আপনারা (সাংবাদিককে) এতো চিন্তিত কেন ? নিজের প্রতি বিশ্বাস নাই। জনগণ সরকারকে ভোট দিয়েছে এটাই সবচেয়ে বড় বিষয়। আমরা জনগণে বিশ্বাস করি। পররাষ্ট্রমন্ত্রী বলেন, আমেরিক একটা সেন্টারে গেছে সকাল ছয়টায়। তখন তো কোনও লোকজন ছিল না। বিদেশি পর্যবেক্ষকদের সঙ্গে বিএনপির প্রসঙ্গে আলোচনা হয়েছে বলে জানিয়ে মোমেন বলেন, "বিরোধী দলের সঙ্গে যে তিক্ততা সৃষ্টি হয়েছে, ভবিষ্যতে তিক্ততা কমানোর বিষয়ে কী করি, সেটা তারা জানতে চেয়েছে। বিএনপি তো কোনও ইস্যু নিয়ে আসে নাই যে তার ওপর আলোচনা করতে পারি।" নির্বাচনে কোথাও কারচুপি হয়নি দাবি করে পররাষ্ট্রমন্ত্রী আরও বলেন, "নির্বাচনে কোথাও কোনও কারচুপি হয়নি। কোথাও জাল ভোট হয়নি। নির্বাচন অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য হয়েছে।" নির্বাচনে ভোটদানের প্রক্রিয়া স্লো (ধীরগতি) ছিলো বলে জানিয়ে মন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী ভোট দিতেও তিন মিনিট লেগেছে। বেশিরভাগের ভোট দিতে প্রায় আধঘণ্টা সময় লাগছে। (ভোয়া ওয়েব পেজ: ০৭.০১.২০২৪ এলিনা)

## বিজয় মিছিল না করার নির্দেশ আওয়ামী লীগের

নির্বাচনের ফলাফল ঘোষণা চলাকালীন রবিবার রাত আটটার দিকে আওয়ামী লীগ উপ-দপ্তর সম্পাদক সায়েম খান গণমাধ্যমকে জানান, নির্বাচনে ফলাফল ঘোষণার পর কোন প্রকার বিজয় মিছিল না করার এবং অন্যপ্রার্থী ও তার কর্মী-সমর্থকদের সঙ্গে সহিংসতা বা আত্মকলহে লিপ্ত না হওয়ার জন্য সাংগঠনিক নির্দেশনা প্রদান করেছেন আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। (ভোয়া ওয়েব পেজ: ০৭.০১.২০২৪ এলিনা)

## বিএনপির বর্জনের আহ্বান সফল হওয়ায় ভোটারদের অভিনন্দন জানালেন মঈন খান

একতরফা দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন বর্জনে বিএনপির আহ্বানে সাড়া দিয়ে ভোটকেন্দ্রে না যাওয়ার জন্য ভোটারদের অভিনন্দন জানিয়েছে বিএনপি। দলটির জ্যেষ্ঠ নেতা ড. আবদুল মঈন খান দাবি করেছেন নির্বাচন বর্জনে তাদের আহ্বান সফল হয়েছে। রবিবার (৭ জানুয়ারি) গুলশানে নিজ বাসভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এই দাবি করেন। মঈন আশঙ্কা প্রকাশ করে বলেন, সরকার ও নির্বাচন কমিশন গত দুটি জাতীয় নির্বাচনের মতো ভোটার উপস্থিতির সংখ্যা বাড়িয়ে দেখাবে। "কিন্তু এটা আমাদের উদ্বেগের বিষয় নয়, কারণ বাংলাদেশের ভোটাররা কীভাবে নির্বাচন প্রত্যাখ্যান করেছে, তা দেশের জনগণ এবং সমগ্র বিশ্ব প্রত্যক্ষ করেছে।" তিনি বলেন, ক্ষমতাসীন দলের অনেক সমর্থকও ভোটকেন্দ্রে যাননি কারণ তারা জানতেন যে তাদের প্রার্থীদের বিজয় নিশ্চিত। তিনি বলেন, "আওয়ামী লীগের ভোটাররা জানেন, আমাদের প্রার্থীরা পাস করেছেন এবং জয়ী হয়েছেন। কেন আমরা অযথা ভোটকেন্দ্রে গিয়ে সময় নষ্ট করব ? আওয়ামী লীগের ভোটাররা ভোটকেন্দ্রে যাওয়ার কোনো প্রয়োজন আছে বলে মনে করেনি।"
(ভোয়া ওয়েব পেজ: ০৭.০১.২০২৪ এলিনা)

## অনিয়মের কারণে ২১ কেন্দ্রে ভোট স্থগিত ৭ কেন্দ্র বাতিল

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে সহিংসতা ও অনিয়মের কারণে ৬ জেলার ৯টি আসনের ২১ কেন্দ্রের ভোট গ্রহণ স্থগিত করেছে নির্বাচন কমিশন (ইসি)। একই সঙ্গে নির্বাচনে অনিয়ম ও আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে ২০ জনের অধিককে সাজা দেওয়া হয়েছে। সাতটি কেন্দ্রে ভোট বাতিল হয়েছে। রবিবার (৭ জানুয়ারি) সন্ধ্যায় ইসির নির্বাচনী মনিটরিং সেল থেকে এই তথ্য জানা যায়। ইসির মনিটরিং সেল জানায়, নির্বাচন স্থগিত হওয়া কেন্দ্রগুলো হলো, সুনামগঞ্জ ২- আসনে মিরাপুর প্রাথমিক বিদ্যালয় (৭ নং কেন্দ্র), নোয়াগাও সরকারি প্রাথমিক বিদ্যালয় (৫৬ নং কেন্দ্র), শুকুরনগর প্রাথমিক বিদ্যালয় (৭০ নং কেন্দ্র)। কক্সবাজার ১- আসনের চরনদীপ ভূমিহীন প্রাইমারি স্কুল (২৫ নং কেন্দ্র), দক্ষীন ফুল ছুড়ি প্রাথমিক বিদ্যালয় (৭৪ নং কেন্দ্র), মরংগুনা অসুর সরকারি প্রাথমিক বিদ্যালয় (৮০ নং কেন্দ্র)। জামালপুর ৫- জাগির মির্জাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় (৭০ নং কেন্দ্র)। নরসিংদি ৪- ইব্রাহীমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় (১৩৪ নং কেন্দ্র)। নরসিংদি ৩ - দুলালপুর সিনিয়র ফাজিল ডিগ্রি মাদ্রাসা ( ৫ নং কেন্দ্র), ভিটিচিনাদি সরকারি প্রাথমিক বিদ্যালয় ( ৮ নং কেন্দ্র) টাঙ্গাইল ২- কাহেতা সরকারি প্রাথমিক স্কুল ( ১৬ নং কেন্দ্র)। কুমিল্লা- ৩- ৭৬ নং গুর্গারাম (ডি.আর) পাইলট সরকারি উচ্চ বিদ্যালয় (৭৬ নং কেন্দ্র), ধনিরামপুর ডিডিএসওয়াই উচ্চ বিদ্যালয় ( ৮১ নং কেন্দ্র)। কুমিল্লা ৪- সূর্য্যপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় (৮৪ নং কেন্দ্র)। কুমিল্লা ১১- বগৈর সরকারি প্রাথমিক বিদ্যালয় (২৮ নং কেন্দ্র), গোবিন্দপুর সামছুল হুদা দাখিল মাদ্রাসা (৩৫ নং কেন্দ্র), ধনিজকরা সরকারি প্রাপথমিক বিদ্যালয় (৩৮ নং কেন্দ্র)। আমানগন্ডা আদর্শ উচ্চ বিদ্যালয় (৪৯ নং কেন্দ্র), হিংগুলা হাছানিয়া উচ্চ বিদ্যালয় -১ (৭৪ নং কেন্দ্র)। হিংগুলা হাছানিয়া উচ্চ বিদ্যালয় -২ (৭৫ নং কেন্দ্র),বাতিসা মাধ্যমিক বালিকা বিদ্যালয়-১ (৮৩ নং কেন্দ্র)।
(ভোয়া ওয়েব পেজ: ০৭.০১.২০২৪ এলিনা)

## ওবায়দুল কাদের বললেন, 'এই নির্বাচন গণতান্ত্রিক অগ্রযাত্রাকে শক্তিশালী করবে'

নির্বাচনের ভোট গ্রহণ শেষে সন্ধ্যা ছয়টায় আওয়ামী লীগের পক্ষে আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানান দলের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, জনগণ তাদের পছন্দমত প্রার্থীদেরকে ভোট দিয়েছে। "ভোট প্রদানে কোন প্রকার ভয়-ভীতি, হস্তক্ষেপ হয়নি। এই নির্বাচন গণতান্ত্রিক অগ্রযাত্রাকে শক্তিশালী করবে," তিনি বলেন। ওবায়দুল কাদের বলেন, পৃথিবীর কোথাও পারফেক্ট গণতন্ত্র নেই। "খোদ যুক্তরাষ্ট্র কতটা মানবতা, গণতন্ত্র প্রতিপালিত হয় সেটা সবাই জানে।" ওবায়দুল কাদের বলেন, তারা যে ভোট সুষ্ঠুভাবে করতে সক্ষম হয়েছেন, এজন্য জনগণের প্রতি তারা কৃতজ্ঞ। "নির্বাচনে ভোট দেয়ার পরিবেশ আমরা তৈরি করতে পেরেছি। আশা করি এই নির্বাচনে নৌকা মার্কা বিজয়ী হবে। শেখ হাসিনার দৃঢ়তা, প্রজ্ঞা, সাহসিকতায় নৌকার পক্ষে রায় আসবে বলে মনে করি," তিনি বলেন। তিনি আরও বলেন, বিএনপি-জামায়াত নির্বাচন প্রতিহত করতে চেয়েছে। "তারা অগ্নিসন্ত্রাস করেছে। তবে ব্যালটের মাধ্যমে জনগণ তাদের প্রত্যাখ্যান করেছে।" তিনি বলেন, "এই নির্বাচনের মাধ্যমে সারা বিশ্ব, সারা বাংলাদেশ প্রত্যক্ষ করবে আমাদের জনগণের বিজয়।" "জাতীয় সংসদ নির্বাচনের সকল ভোটার, নতুন প্রজন্মের ভোটার, নাশকতা অগ্নিসংযোগ, ভয়-ভীতি উপেক্ষা করে নির্বাচনে অংশগ্রহণ করেছে তাদের ধন্যবাদ জানাচ্ছি," তিনি বলেন। (ভোয়া ওয়েব পেজ: ০৭.০১.২০২৪ এলিনা)

## বাংলাদেশ নির্বাচন: হাবিবুল আউয়াল জানালেন 'ভোটার উপস্থিতি ৪০ শতাংশ হতে পারে'

বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোট গণণা চলছে, আসছে ফলাফল। এর আগে ভোট গ্রহণ শেষ হয় নির্ধারিত সময় বিকেল ৪টায় (৭ জানুয়ারি)। কিছু বিচ্ছিন্ন ঘটনা ছাড়া শান্তিপূর্ণভাবেই ভোটগ্রহণ শেষ হয়। নির্বাচন কমিশনের প্রাথমিক তথ্য মতে, ভোটের হার ৪০ শতাংশ। সকাল ৮টায় যখন ভোট গ্রহণ শুরু হয়, তখন বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি এবং সমমনা রাজনৈতিক দলগুলো হরতাল পালন করে। ভোটগ্রহণ শেষে বিকেল ৫টার দিকে নির্বাচন কমিশন কার্যালয়ে সাংবাদিকদের মুখোমুখি হয় নির্বাচন কমিশন। এ সময় প্রধান নির্বাচন কমিশনা কাজী হাবিবুল আউয়াল জানান যে প্রাথমিক তথ্য মতে ভোট পড়েছে ৪০ শতাংশ। চূড়ান্ত গণনায় এ হার কিছুটা কম-বেশি

হতে পারে বলে জানান তিনি। সরকারের রাজনৈতিক সদিচ্ছা, আন্তরিকতা ও সহযোগিতার কারণে রবিবার অনুষ্ঠিত জাতীয় নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ হয়েছে বলে মন্তব্য করেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়াল। তিনি বলেন, "যেহেতু সরকারের আন্তরিকতা রয়েছে এবং সরকারের আশ্বাস অনুযায়ী আমরা সহায়তা পেয়েছি, তাই দলীয় সরকারের অধীনে সমন্বিত প্রচেষ্টার মাধ্যমে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।"সিইসি জানান, একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটার উপস্থিতি প্রায় ৪০ শতাংশ হতে পারে। তিনি বলেন, "নির্বাচনে প্রায় ৪০ শতাংশ ভোটার ভোট দিয়েছেন। তবে এই বিষয়ে (চূড়ান্ত অনুমান) সব তথ্য সংগ্রহের পরে এটি পরিবর্তিত হতে পারে।"এর আগে, সকালে প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল বলেছেন, প্রতিদ্বন্দ্বিতামূলক ভোট হতে হলে অবশ্যই প্রত্যেকটা কেন্দ্রে প্রার্থীদের পোলিং এজেন্ট থাকতে হবে। কিন্তু তিনি যে ভোটকেন্দ্রগুলোতে গেছেন, সেখানে সব একই দলের পোলিং এজেন্ট পেয়েছেন।"নৌকার পক্ষের একজন করে পোলিং এজেন্ট পেয়েছি। বাদ বাকি প্রার্থী বা অন্য কোন লোকজন দেখতে পাইনি;" তিনি বলেন। রবিবার (৭ জানুয়ারি) সকাল সাড়ে আটটায় রাজধানীর হাবিবুল্লাহ বাহার কলেজ কেন্দ্রে নিজের ভোট দিয়ে এসে সকাল সাড়ে ১০ টায় নির্বাচন কমিশনে সাংবাদিকদের এসব কথা বলেন প্রধান নির্বাচন কমিশনার। সিইসি বলেন, "মনে হচ্ছে, প্রতিপক্ষ প্রতিদ্বন্দ্বী যারা তাদের অনেকের বোধ হয়, সেই সামর্থ নাই। আমরা খুব জোর দিয়ে বলেছিলাম প্রতিদ্বন্দ্বিতামূলক ভোট হতে হলে অবশ্যই প্রত্যেকটা কেন্দ্রে পোলিং এজেন্ট থাকতে হবে।"

(ভোয়া ওয়েব পেজ: ০৭.০১.২০২৪ এলিনা)

## বিক্ষিপ্ত সহিংসতায় নিহত ১, গুলিবিদ্ধ ২ জন

বিক্ষিপ্ত সহিংসতার মধ্যে দিয়ে রবিবার (৭ জানুয়ারি) বিকালে শেষ হয়েছে বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোট গ্রহণ। সহিংস ঘটনা ঘটেছে চট্টগ্রাম ও মুন্সিগঞ্জসহ দেশের বিভিন্ন স্থানে। মুন্সিগঞ্জে একজন নিহত হয়েছে বলে খবর পাওয়া গেছে। মুন্সিগঞ্জ-৩ আসনে ভোটকেন্দ্রের পাশে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী মৃণাল কান্তি দাসের এক সমর্থককে কুপিয়ে হত্যা করা হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। রবিবার (৭ জানুয়ারি) সকাল ১০টার দিকে সদর উপজেলার মিরকাদিম পৌরসভার টেঙ্গর এলাকায় এ ঘটনা ঘটে। নিহত মো. জিল্লুর রহমান মিরকাদিম পৌর শ্রমিক লীগের সহ-সভাপতি ছিলেন। মুন্সিগঞ্জ-৩ আসনে কাঁচি প্রতীকের স্বতন্ত্র প্রার্থী মোহাম্মদ ফয়সালের সমর্থকরা হামলা চালিয়ে তাকে হত্যা করেছে বলে অভিযোগ করেছেন পরিবারের সদস্যরা। পুলিশ সুপার মোহাম্মদ আসলাম খান বলেন, ঘটনাটি ভোটকেন্দ্রের বাইরে ঘটেছে। সেখানে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য মোতায়েন ছিলো। তারপরও কারা, কেন এই হত্যাকাণ্ড ঘটিয়েছে, তা তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে।

চট্টগ্রাম-১০ আসনের কলসি পাহাড়তলী এলাকায় আওয়ামী লীগ প্রার্থী মহিউদ্দিন বাচ্চু ও স্বতন্ত্র প্রার্থী মনজুর আলম মঞ্জুর সমর্থকদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ সময় দুইজন গুলিবিদ্ধ হয়। রবিবার বেলা ১১টার দিকে ভোট চলাকালে পাহাড়তলী ডিগ্রি কলেজের সামনে এই ঘটনা ঘটে। গুলিবিদ্ধ দুইজন হলেন; শান্ত বড়ুয়া (৩০) ও মো. জামাল (৩২)। আহত দুইজন স্বতন্ত্র প্রার্থী ফুলকপি প্রতীকের মনজুর আলম মঞ্জুর কর্মী বলে জানা গেছে। গুলিবিদ্ধ ব্যক্তিদের চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালে ভর্তি করা হয়েছে। সংঘর্ষ খুলশী এলাকার জাকির হোসেন রোডে ছড়িয়ে পড়ে। পরে, পুলিশ ও বিজিবিসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। খুলশী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ নেয়ামত উল্লাহ বলেন, দুইপক্ষের মারামারিতে একজন গুলিবিদ্ধ হয়েছে। গুলির ধরন দেখে বোঝা যাচ্ছে এটি পিস্তলের গুলি।

(ভোয়া ওয়েব পেজ : ০৭.০১.২০২৪ এলিনা )

## আওয়ামী লীগ এককভাবে ২২৪ আসনে জয়ী হয়ে সরকার গঠন করতে যাচ্ছে

দ্বাদশ সংসদ নির্বাচনে বেসরকারি ফলাফলে ২৯৮ টি আসনের মধ্যে এককভাবে ২২৪ আসনে জয়ী হয়ে টানা চতুর্থবার সরকার গঠন করতে যাচ্ছে ক্ষমতাসীন দল আওয়ামী লীগ। একজন প্রার্থীর মৃত্যু এবং একজনের প্রার্থিতা বাতিলের কারণে ২টি আসনের ফলাফল স্থগিত রাখা হয়েছে। নির্বাচন কমিশনের পক্ষ থেকে বলা হচ্ছে, প্রাথমিক তথ্য অনুযায়ী এই নির্বাচনে ভোট হার ৪০ শতাংশ। ভোটগ্রহণ শেষে বিকেল ৫টার দিকে নির্বাচন কমিশন কার্যালয়ে সাংবাদিকদের মুখোমুখি হয় নির্বাচন কমিশন। সিইসি জানান, একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটার উপস্থিতি প্রায় ৪০ শতাংশ হতে পারে। তিনি বলেন, "নির্বাচনে প্রায় ৪০ শতাংশ ভোটার ভোট দিয়েছেন। তবে এই বিষয়ে (চূড়ান্ত অনুমান) সব তথ্য সংগ্রহের পরে এটি পরিবর্তিত হতে পারে।" ২০০৮ সাল থেকে টানা ৩ বার রাষ্ট্র ক্ষমতায় রয়েছে আওয়ামী লীগ। তার মধ্যে ২০১৪ সালের দশম সংসদ নির্বাচন বর্জন করে বিএনপি। এই নির্বাচনে ১৫৩ জন প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়। আর ২০১৮ সালের একাদশ সংসদ নির্বাচনে বিএনপিসহ বিরোধী দলগুলোর পক্ষ থেকে অভিযোগ করা হয়, ভোটের আগের রাতে ভোট কারচুপি করা হয়েছে।

কিছু বিচ্ছিন্ন সহিংসতার ঘটনা ছাড়া, শান্তিপূর্ণভাবেই ভোটগ্রহণ শেষ হয়। বিএনপিসহ ১৬টি নিবন্ধিত দলবিহীন দ্বাদশ সংসদ নির্বাচনে সারাদেশে নির্বাচনী সহিংসতায় ২ জন গুলিবিদ্ধ ও ১ নিহত হয়েছে। এছাড়া জাল ভোটের কারণে কয়েকটি কেন্দ্রের ফলাফল স্থগিত রাখা হয়েছে। সারাদেশে বেশ কয়েকটি স্থানে আওয়ামী লীগ ও স্বতন্ত্র প্রার্থীদের সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনাও ঘটে। নির্বাচন শেষে (৭ জানুয়ারি) সন্ধ্যায় আওয়ামী লীগের পক্ষে আনুষ্ঠানিক

প্রতিক্রিয়া দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেন, "জনগণ তাদের পছন্দমত প্রার্থীদেরকে ভোট দিয়েছে। ভোট প্রদানে কোনও প্রকার ভয়-ভীতি ও হস্তক্ষেপ হয়নি। এই নির্বাচন গণতান্ত্রিক অগ্রযাত্রাকে শক্তিশালী করবে।" তবে নির্বাচন বর্জন করা বিএনপির পক্ষ থেকে দলটির স্থায়ী কমিটির সদস্য আব্দুল মঈন খান বলেন, "একতরফা দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন বর্জনে বিএনপির আহ্বানে সাড়া দিয়ে ভোটকেন্দ্রে না যাওয়ার জন্য ভোটারদের অভিনন্দন জানাচ্ছি দলের পক্ষে।" তার দাবি, নির্বাচন বর্জনে তাদের আহ্বান সফল হয়েছে। মঈন আশঙ্কা প্রকাশ করে বলেন, সরকার ও নির্বাচন কমিশন গত দুটি জাতীয় নির্বাচনের মতো ভোটার উপস্থিতির সংখ্যা বাড়িয়ে দেখাবে, "কিন্তু এটা আমাদের উদ্বেগের বিষয় নয়, কারণ বাংলাদেশের ভোটাররা কীভাবে নির্বাচন প্রত্যাখ্যান করেছে, তা দেশের জনগণ এবং সমগ্র বিশ্ব প্রত্যক্ষ করেছে।" আসন ভাগাভাগির এই নির্বাচনে নৌকা মার্কা ২২৪টি আসনে জয়লাভ করে। আর আওয়ামী লীগের সঙ্গে আসন সমঝোতা করে নির্বাচনে অংশ নেওয়া জাতীয় পার্টি ১১টি আসনে জয়লাভ করে। যদিও তাদেরকে আওয়ামী লীগ ২৬টি আসন ছাড় দিয়েছিল। অন্যদিকে, আওয়ামী লীগের নেতৃত্বধীন ১৪ দলীয় জোটের শরিক দল জাসদ এবং ওয়ার্কার্স পার্টি নৌকা প্রতীকে একটি করে আসন পেয়েছে। হঠাৎ করে বিএনপির সঙ্গ ত্যাগ করে বাংলাদেশ কল্যাণ পার্টির চেয়ারম্যান পেয়েছেন ১টি আসন। এছাড়া নির্বাচনে ৬২ জন স্বতন্ত্র প্রার্থী জয়লাভ করেন। এবারের নির্বাচনে ৯২ জন নারী প্রার্থী অংশ নিলেও ভোটে জয়লাভ করেন ১৯ জন। নির্বাচন কমিশনের হিসাবে অনুযায়ী, এবারের নির্বাচনে ২৮টি রাজনৈতিক দল অংশ নিয়েছে। এদিকে, ভোট বর্জন করা বিএনপিসহ দলটির আন্দোলনে সঙ্গী ৩৬টি দল ভোটের আগের দিন (৬ জানুয়ারি) ও ভোটের দিন (৭ জানুয়ারি) ৪৮ ঘণ্টার হরতাল কর্মসূচি পালন করে। পরবর্তী কর্মসূচি নিয়ে ৮ জানুয়ারি (সোমবার) বিএনপির পক্ষ থেকে সংবাদ সম্মেলন ডাকা হয়েছে। (ভোয়া ওয়েব পেজ : ০৮.০১.২০২৪ এলিনা)

# রেডিও তেহরান

## ভোটার উপস্থিতি কম-বেশির দায় ইসির নয় : সিইসি

বাংলাদেশে বড় ধরনের কোন অপ্রীতিকর ঘটনা ছাড়াই জাতীয় সংসদের ভোট গ্রহণ সম্পন্ন হয়েছে, ভোট গণনা চলছে। প্রধান নির্বাচন কমিশনার বলেছেন, ভোটারের উপস্থিতি কম নাকি বেশি সেগুলো দেখার দায়িত্ব নির্বাচন কমিশনের নয়। এ সম্পর্কে বিস্তারিত জানিয়েছেন ঢাকা থেকে আমাদের বিশেষ সংবাদদাতা :

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়াল বলেছেন, ভোটারের উপস্থিতি কম নাকি বেশি সেগুলোর বিষয়ে আমি কিছুই জানি না। আমি এসে আমার ভোটটা দিয়ে গেলাম। ইসির কাজটা হচ্ছে ভোট আয়োজন করা। কেউ ভোট দিতে আসবেন কি আসবেন না সেটা দেখা আমাদের কাজ নয়। তিনি বলেন, আর নির্বাচনে কোনো সহিংসতার ঘটনা ঘটলে সেটা আমাদের আইন-শৃঙ্খলা বাহিনী দেখবেন। আজ রবিবার সকালে রাজধানীর শান্তিনগরে হাবীবুল্লাহ্ বাহার ডিগ্রি কলেজ কেন্দ্রে ভোট দিয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন (স্বকণ্ঠে) : ভোট নিয়ে যদি কোন মানুষের মধ্যে অনাস্থা থাকে সেই অনাস্থাটা যেন ক্রমান্বয়ে কেটে যায়। আমার কাজটা ভোট আয়োজন করা। কে ভোট দিতে আসবেন কি আসবেন না, সহিংসতা হবে কি হবে না এগুলো নিয়ে সহিংসতার বিষয়টা আমাদের আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী দেখবেন। পুলিশ মহাপরিদর্শক চৌধুরী আবদুল্লাহ আল-মামুন বলেছেন, (স্বকণ্ঠে) : নির্বাচন উপলক্ষ্যে নিরাপত্তার ব্যবস্থাকে নির্বাচন পূর্ব, নির্বাচনকালীন এবং নির্বাচন পরবর্তী তিনটি পর্যায়ে ভাগ করেছি এবং তিনটা সময়ই আমাদের সদস্যরা নির্বাচনের সময় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য দায়িত্ব পালন করছে। তবে র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‌্যাব) মহাপরিচালক (ডিজি) অতিরিক্ত আইজিপি এম খুরশীদ হোসেন বলেছেন, নির্বাচনের আগে ও নির্বাচনের মধ্যে আতঙ্ক ছিল। আমরা বলেছিলাম আতঙ্কের তেমন কিছু নেই। আমার দেখা ২০১৪ ও ২০১৮ সালের নির্বাচনের চেয়ে এবার অনেকটা সুন্দর পরিবেশে নির্বাচন হয়েছে।

(রেডিও তেহরান:২০৩০ ঘ. ০৭.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## ক্ষমতাসীন দল আওয়ামী লীগ ও প্রধান বিরোধীদল বিএনপির পাল্টাপাল্টি অভিযোগ

কয়েকটি বিচ্ছিন্ন ঘটনা ছাড়া শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোট গ্রহণ। এ সম্পর্কে ক্ষমতাসীন দল আওয়ামী লীগ ও প্রধান বিরোধী দল বিএনপির পাল্টাপাল্টি বক্তব্য নিয়ে প্রতিবেদন করেছেন আমাদের ঢাকার বিশেষ প্রতিনিধি :

কয়েকটি বিচ্ছিন্ন ঘটনা ছাড়া শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ। আজ রবিবার সকাল ৮টা থেকে দেশজুড়ে ৪২ হাজার ১০৩টি কেন্দ্রে একযোগে ভোটগ্রহণ শুরু হয়। চলে বিকেল ৪টা পর্যন্ত। ভোটগ্রহণ চলাকালে যশোর, লালমনিরহাট, বগুড়া, রাজধানী ঢাকার হাজারীবাগসহ কিছু জায়গায় ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এসব ঘটনায় শিশুসহ অন্তত ৮ জন আহত হয়েছেন। এছাড়াও চট্টগ্রাম, জামালপুর, ফরিদপুরসহ আরও কয়েকটি জেলায় বিক্ষিপ্ত সংঘর্ষের ঘটনা ঘটেছে। মুন্সিগঞ্জে ১ জনের নিহত হওয়ার খবর পাওয়া গেছে। আর এসব ঘটনায় আহত হয়েছেন অন্তত ২২ জন। বিকেলে টাঙ্গাইলে ব্যালট বাক্স পুড়িয়ে দেওয়ারও অভিযোগ পাওয়া গেছে। ভোট সম্পর্কে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন(স্বকণ্ঠে): ভোটারদের স্বতঃস্ফূর্ত সমর্থন এবং তাদের উপস্থিতি এটাই প্রমাণ করে যে যারা ভোট বর্জন করতে নাশকতা, ভায়োলেন্সের আশ্রয়

নিয়েছে তারা আবারো পরাজিত হলো। বিএনপির স্থায়ী কমিটির সদস্য আব্দুল মঈন খান বলেছেন, সরকারের এই নির্বাচন যে সাজানো ও গোছানো তা দেশের মানুষ বুঝতে পেরেছে। তাই জনগণ ভোট বর্জন করেছে। আর বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, (স্বকণ্ঠে) : আজকের এই একতরফা নির্বাচন এই নির্বাচন জনগণ চায়নি। কোন ভোটার নেই এই একতরফা নির্বাচনে। তারা গতকাল সমস্ত ব্যালট বাক্স ভরে নিয়েছে। এদিকে, ঢাকায় চলমান ভোটের পরিস্থিতি দেখে সন্তোষ প্রকাশ করেছেন একদল বিদেশি পর্যবেক্ষক। রবিবার সকালে রাজধানীর দারুস সালাম বাংলাদেশ কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ভোট পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ভোটের পরিস্থিতি এভাবে মূল্যায়ন করেন ডেপুটি হেড অব মিশন ইউএস এসটিও টেরি এল. ইসলে। তিনি বলেন, ভোটের পরিবেশ ভালো। তবে ভোটার উপস্থিতি ছিল কম। ভোট কেন্দ্রে উপস্থিতি কম থাকার বিষয়ে ব্যাখ্যা তুলে ধরে আওয়ামী লীগের দফতর সম্পাদক বিপ্লব বড়ুয়া বলেন, শীতের কারণে সকালে ভোটার উপস্থিতি কম ছিল। যদিও বেলা বাড়ার সাথে সাথে ভোটার উপস্থিতি বেড়েছে। আর ঢাকার ভোটাররা ছুটি পেয়ে অনেকেই গ্রামে চলে গেছেন, অনেকেই ঘুরতে গেছেন, তাই ঢাকার ভোটার উপস্থিতি কম ছিলো।
(রেডিও তেহরান: ২০৩০ ঘ. ০৭.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## ডয়চে ভেলে

### ভোটার আনার চ্যালেঞ্জ কি সফল হয়েছে ?

বিএনপিসহ বেশকিছু দল নির্বাচন বর্জন করায় বড় কোনো প্রতিদ্বন্দ্বিতার মুখে পড়তে হবে না আওয়ামী লীগকে, এমনটা নিশ্চিতই ছিল। তবে কে কতটা আসন পাবে, কারা হবে বিরোধী দল, এটিই এখন বড় প্রশ্ন। বাংলাদেশে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটের আনুষ্ঠানিক পুরো ফল জানতে সোমবার পর্যন্ত অপেক্ষা করতে হতে পারে। কিন্তু বিশেষজ্ঞদের আলোচনায় বাংলাদেশের গণতন্ত্র এবং ভোটাধিকার বিষয়গুলো গুরুত্ব পাচ্ছে। নির্বাচনের পর বাংলাদেশের পরিস্থিতি কোন দিকে যাবে ?

নির্বাচন বর্জন করেছে বিএনপি ও তাদের সমমনা দলগুলো। তারা ভোটের দিনসহ ৪৮ ঘণ্টার হরতাল কর্মসূচি পালন করছে। ভোটারদের ভোটকেন্দ্রে আসতে নিরুৎসাহিতও করেছে। অন্যদিকে, নির্বাচনে আওয়ামী লীগ, সরকার ও নির্বাচন কমিশনের নানা ধরনের তৎপরতা ছিলো ভোটার উপস্থিতি যাতে বেশি হয়। বিএনপি নির্বাচনে না থাকায় শাসক দল আওয়ামী লীগের প্রধান চ্যালেঞ্জ ছিলো ভোটকেন্দ্রে ভোটার আনা। সেই চ্যালেঞ্জে তারা কতটা সফল হয়েছে সেটাই এখন বড় প্রশ্ন। ভোটের যে গতি-প্রকৃতি রবিবার সারাদিন দেখা গেছে, তাতে অনেকে ভেবেছিলেন, ভোটের হার ৩০ শতাংশের বেশি হবে না। ঢাকার দুই-একটি আসন ছাড়া আর সবখানেই ভোটারের উপস্থিতি ছিলো খুবই কম। প্রথম এক ঘণ্টায় এক-দুই শতাংশের বেশি ভোট পড়েনি। বিকেল ৩টা পর্যন্ত সারাদেশে ভোট পড়েছে ২৭ দশমিক ১৫ ভাগ বলে জানান কমিশন সচিব। এর এক ঘণ্টা পর বিকাল ৪টায় ভোট গ্রহণ শেষ হয়। কিন্তু ভোট শেষ হওয়ার পর প্রধান নির্বাচন কমিশনার হাবিবুল আউয়াল সংবাদ সম্মেলনে জানান, সারাদেশে ভোটের হার ৪০ শতাংশ। তিনি অবশ্য বলেছেন, এটা প্রাথমিক হিসাব। পরে এ হার কিছুটা বেশি কম হতে পারে।

সুশাসনের জন্য নাগরিকের (সুজন) সম্পাদক ড. বদিউল আলম মজুমদার ভোটের এ হার অসম্ভব বলে মন্তব্য করেন। তিনি বলেন, "আমাদের পর্যবেক্ষণে ভোটার উপস্থিতি খুবই কম ছিলো।" ভোটের হার কম হওয়া ছাড়াও নির্বাচনে জাল ভোট, ভোটকেন্দ্র দখলের ঘটনা ঘটেছে। কমিশন কয়েকটি ভোট কেন্দ্রের ভোট বাতিলও করেছে। নরসিংদীতে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুনের ছেলে মঞ্জুরুল মজিদ মাহমুদ সাদীকে গ্রেফতারের নির্দেশ দিয়েছে কমিশন। চট্টগ্রাম-১৬ আসনে নৌকার প্রার্থী মোস্তাফিজুর রহমানের প্রার্থিতা বাতিলও করা হয়েছে। তবে প্রধান নির্বাচন কশিনার (সিইসি) হাবিবুল আউয়াল সন্তুষ্ট এই কারণে যে কোনো প্রাণহানির ঘটনা ঘটেনি। নির্বাচনে ১৪০টি কেন্দ্রে অনিয়মের ঘটনা ঘটেছে। গ্রেফতার করা হয়েছে ৪২ জনকে। নির্বাচন কমিশন এ তথ্য জানিয়েছে।

নব্বইয়ের গণঅভ্যুত্থানের পর ১৯৯১ সালের ২৭ ফেব্রুয়ারির পঞ্চম জাতীয় সংসদ নির্বাচনে ভোট পড়েছিলো ৫৫ দশমিক চার শতাংশ। নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধীনে ওই নির্বাচনে বিএনপি জয়ী হয়। এরপর ১৯৯৬ সালের ১৫ ফেব্রুয়ারি বিএনপি সরকারের অধীনে ষষ্ঠ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগসহ আরো কয়েকটি দল অংশ নেয়নি। ঐ নির্বাচনে ভোট পড়েছিলো ২১ শতাংশ। বিএনপি জয়ী হলেও ঐ নির্বাচন গ্রহণযোগ্য না হওয়ায় বিএনপি সরকার পদত্যাগে বাধ্য হয়। ফলে চার মাস পর ওই বছরেরই ১২ জুন সপ্তম জাতীয় সংসদ নির্বাচনে ভোট পড়ে ৭৫.৬ ভাগ। কেয়ারটেকার সরকারের অধীনে ঐ নির্বাচনে আওয়ামী লীগ জয়ী হয়। ২০০১ সালের ১ অক্টোবর কেয়ারটেকার সরকারের অধীনে নির্বাচনে ভোট পড়ে ৭৪.৯৭ ভাগ। ঐ নির্বাচনে বিএনপি জয়ী হয়। ২০০৮ সালের নবম জাতীয় সংসদ নির্বাচন হয় সেনা সমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের অধীনে। ঐ নির্বাচনে ৮৭.১৩ শতাংশ ভোট পড়ে এবং আওয়ামী লীগ জয়ী হয়। ২০১৪ সালের ৫ জানুয়ারি দশম জাতীয় সংসদ নির্বাচন হয় আওয়ামী লীগ সরকারের অধীনে এবং বিএনপি ঐ নির্বাচন বর্জন করে। ঐ নির্বাচনে আওয়ামী লীগ জয়ী হয় এবং ভোট পড়ে ৩৯.৫৮ শতাংশ। ২০১৮ সালের ৩০ ডিসেম্বর দশম জাতীয় সংসদ নির্বাচন আওয়ামী লীগ সরকারের অধীনে হলেও বিএনপি ঐ নির্বাচনে অংশ নেয়। ভোট পড়ে ৮০.২ শতাংশ। নির্বাচনে আওয়ামী লীগ জয়ী হয়। এই নির্বাচনে আগের রাতেই ভোট হয়ে যাওয়ার

অভিযোগ আছে। আর সর্বশেষ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনও বর্জন করেছে বিএনপি। এই নির্বাচন হয়েছে আওয়ামী লীগ সরকারের অধীনে। কমিশন দাবি করেছে ভোট পড়েছে ৪০ ভাগ।

এবারের নির্বাচনে ভোটারের কম উপস্থিতি নিয়ে সকালে প্রধান নির্বাচন কমিশনার হাবিবুল আউয়াল সকালে ভোট দিতে গিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে বলেন," ভোটারের উপস্থিতি কম কি বেশি সেগুলো আমি কিছুই জানি না। আমি এসে আমার ভোটটা দিয়ে গেছি, এতটুকুই জানি। শেষ পর্যন্ত অপেক্ষা করুন, দেখবেন।"

চলমান সহিংসতার কারণে ভোটার উপস্থিতি কম এমন শঙ্কা করছেন কি না জানতে চাইলে হাবিবুল আউয়াল বলেন, "আমি ওগুলো নিয়ে কোনো চিন্তা-ভাবনা করিনি। আমার কাজটা ভোটটা আয়োজন করা। কে ভোট দিতে আসবেন, কে আসবেন না, সহিংসতা হবে কি হবে না; সহিংসতার ব্যাপারটা আমাদের আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী দেখবে।" সাবেক নির্বাচন কমিশনার মো. রফিকুল ইসলাম ডয়চে ভেলেকে বলেন, "আইনে শতকরা কতভাগ ভোট পড়ল তার ওপর ভিত্তি করে নির্বাচনের গ্রহণযোগ্যতার বিষয়ে প্রশ্ন তোলা যায় না। কারণ আইনে এরকম কিছু নাই। পাশের দেশ ভারতেও ভোট কম পড়ে। কিন্তু সমস্যা হলো পাবলিক পারসেপশন নিয়ে। আর আন্তর্জাতিকভাবে কমপক্ষে শতকরা ৫০ ভাগ ভোট পড়লে নির্বাচনকে গ্রহণযোগ্য ধরা হয়। এবারের নির্বাচন নিয়ে দেশে এবং বিদেশে ব্যাপক আলোচনা ছিলো। ফলে এই নির্বাচনের গ্রহণযোগ্যতা সেইভাবেই দেখতে হবে।" তিনি বলেন, "বিএনপি এই নির্বাচন বর্জন করার কারণে ভোট কম পড়েছে। এমনিকেই মানুষের ভোট নিয়ে এখন আগ্রহ কম। তার ওপর এই বর্জন ভোটের ওপর প্রভাব ফেলেছে। কারণ বিএনপির কমপক্ষে ৩৬ শতাংশ ভোট আছে।" তিনি মনে করেন, "এই ভোটের মাধ্যমে সাংবিধানিক সংকট কেটেছে কিন্তু রাজনৈতিক সংকট কাটেনি। বিএনপি যদি তার আন্দোলনে মানুষকে আরো সম্পৃক্ত করতে পারে তাহলে সংকট আরো বাড়বে। আগেও রাজনৈতিক সংকটের সমাধান হয়নি, এখনো হলো না। বিএনপি নির্বাচনে অংশ নিলে হয়তো সংকট কাটত।"

এদিকে, সুশাসনের জন্য নাগরিকের সম্পাদক ড. বদিউল আলম মজুমদার বলেন, "আমরা যতটুকু দেখেছি এবং শুনেছি তাতে ভোটারের উপস্থিতি ছিলো খুবই কম। নির্বাচন কমিশন যে হারের (৪০ ভাগ)কথা বলছে তা বিশ্বাসযোগ্য নয়। ঐ হারের চেয়ে অনেক কম ভোট পড়েছে।" তার মতে, "এই নির্বাচনের মাধ্যমে ও রাজনৈতিক সংকট কাটবে না আরো গভীর হবে। বিভাজন আরো বাড়বে। মানুষের ভোটাধিকার আবারো হরণ করা হলো ।" তিনি বলেন, "এই নির্বাচন তো আগেই আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে গ্রহণযোগ্য হয়নি। এই কারণেই তো ইউরোপীয় ইউনিয়ন পর্যবেক্ষক দল পাঠায়নি। এখন যা হলো তাতে আমাদের মাথা হেট হয়ে গেল। তারা এখন তাদের কোর্স অব অ্যাকশনে যেতে পারে। আমাদের সার্বভৌমত্ব বিপন্ন হতে পারে।"

অন্যদিকে, বিএনপির যুগ্ম মহাসচিব ব্যারিস্টার মাহবুব উদ্দিন খোকন বলেন," জনগণ ধারণা করেছিলো, আমরাও বলেছিলাম এটা কোনো ভোট না। তাই হয়েছে। ভোট কেন্দ্র খালি ছিলো। জনগণ এই ভোট বর্জন করেছে। যে ভোট দেখানো হয়েছে তা কিছু লোক গিয়ে জাল ভোট দিয়েছে।" তিনি জানান, সরকার পতন এবং নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচনের জন্য আমাদের আন্দোল চলবে। হরতাল শেষ হওয়ার পর আরো কঠোর কর্মসূচি দেব আমরা।" আর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের সন্ধ্যায় এক সংবাদ সম্মেলনে বলেছেন, "এই নির্বাচনের মাধ্যমে সারা বিশ্বের মানুষ, বাংলাদেশের মানুষ প্রত্যক্ষ করেছে জনগণের বিজয়। জনগণ তাদের পছন্দমতো প্রার্থীদেরকে ভোট দিয়েছে। ভোট প্রদানে কোনো প্রকার ভয়-ভীতি বা হস্তক্ষেপ হয়নি। এই নির্বাচন গণতান্ত্রিক অগ্রযাত্রা থেকে শক্তিশালী করবে।" বিএনপির ভোট বর্জনের বিষয়ে তিনি বলেন, "এই নির্বাচনের মধ্য দিয়ে জনগণ তাদের (বিএনপি) বর্জন করেছে। তারা গণতন্ত্রকে হত্যা করেছে। হরতাল-অবরোধ দিয়ে অগ্নিসন্ত্রাস করেছে। এই নির্বাচনের মধ্যমে জনগণ বিএনপি-জামায়াতকে প্রত্যাখ্যান করেছে।" (ডয়চে ভেলে ওয়েব পেজ : ৭.১.২৪ রিহাব)

## কক্সবাজারে রোহিঙ্গা শিবিরে আগুন, গৃহহীন আড়াই হাজার

আবারও বাংলাদেশে রোহিঙ্গা শরণার্থী শিবিরে আগুনের ঘটনা ঘটেছে। এতে অন্তত আড়াই হাজার শরণার্থী গৃহহীন হয়ে পড়েছেন। একটি অত্যন্ত জনাকীর্ণ রোহিঙ্গা শরণার্থী শিবিরের কিছু অংশে আগুন লাগে বলে জানিয়েছেন কর্মকর্তারা। অগ্নিকাণ্ডে প্রায় ৫০০ অস্থায়ী আশ্রয়কেন্দ্র পুড়ে গেছে। কীভাবে এই আগুন লাগল, তার কারণ স্পষ্ট নয় বলে জানিয়েছে কর্তৃপক্ষ। দমকলকর্মীরা তিন ঘণ্টারও বেশি সময় ধরে আগুন নিয়ন্ত্রণে আনে বলে। বাংলাদেশে জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাইকমিশন ড. মোহাম্মদ ইকবাল জানান, হতাহতের কোনো খবর মেলেনি। কক্সবাজারের ৫ নম্বর শিবির থেকে আগুন ছড়িয়ে পড়ে। ২০১৭ সালে মিয়ানমারে সামরিক বাহিনীর সহিংসতা থেকে বাঁচতে বহু রোহিঙ্গা দেশ ছেড়ে বাংলাদেশে আসেন। বর্তমানে, অন্তত দশ লাখ রোহিঙ্গা বাস করেন বাংলাদেশের কক্সবাজারের বিভিন্ন শরণার্থী শিবিরে। (ডয়চে ভেলে ওয়েব পেজ : ৭.১.২৪ রিহাব)

## চট্টগ্রামসহ দেশের বিভিন্ন স্থানে সংঘর্ষ-সহিংসতা

মুন্সিগঞ্জ-৩ (সদর এবং গজারিয়া) আসনে ভোটকেন্দ্রের পাশে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী মৃণাল কান্তি দাসের এক সমর্থককে কুপিয়ে হত্যার ঘটনা ঘটেছে। নিহত মো. জিল্লুর রহমান মিরকাদিম পৌর শ্রমিক লীগের সহ-সভাপতি। মুন্সিগঞ্জ-৩ আসনে কাঁচি প্রতীকের স্বতন্ত্র প্রার্থী মোহাম্মদ ফয়সালের সমর্থকেরা হামলা চালিয়ে তাকে হত্যা করেছেন বলে অভিযোগ পরিবারের। মিরকাদিম পৌরসভায় একটি ভোটকেন্দ্রের পাশ থেকে নৌকার এই সমর্থকের ক্ষত-বিক্ষত

মরদেহ উদ্ধার করা হয়েছে। ভোট গ্রহণের শেষ মুহূর্তে কেন্দ্র দখল করতে চট্টগ্রামের চন্দনাইশ উপজেলায় দোহাজারীর জামির জুড়ি এলাকায় সংঘর্ষে জড়িয়ে পড়েন নৌকা প্রার্থী ও স্বতন্ত্র প্রার্থীর সমর্থকরা। এই ঘটনায় তিন জন আহত হয়েছে। ভোট চলাকালে বন্দরনগরীর খুলশী এলাকায় পাহাড়তলী কলেজের ভোটকেন্দ্রের কাছে দুই গ্রুপের সংঘর্ষে ভোটারসহ দুজন গুলিবিদ্ধ হয়েছেন। রবিবার পৌনে ১০টা নাগাদ এ ঘটনা ঘটে।

চাঁদপুর-৪ (ফরিদগঞ্জ) আসনের মুন্সীরহাট এলাকায় নৌকার সমর্থকদের উপস্থিতিতে জাল ভোট দেওয়াকে কেন্দ্র করে প্রতিদ্বন্দ্বী ঈগল প্রতীকের প্রার্থীর সমর্থকদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে। তখন চাঁদপুরের অতিরিক্ত পুলিশ সুপারের গাড়ি ভাঙচুর করে তারা। পরে তাদের ছত্রভঙ্গ করতে গুলি ছুঁড়ে পুলিশ। টাঙ্গাইল-২ আসনের গোপালপুরে ভোটকেন্দ্র থেকে ব্যালট পেপারসহ ব্যালট বাক্স ছিনিয়ে নিয়ে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। এ সময় তাদের হামলায় দুই জন আনসার সদস্য আহত হয়েছেন।

জয়পুরহাট সরকারি মহিলা কলেজ ভোটকেন্দ্রের মূল ফটকে বিস্ফোরণের শব্দ শোনা যায় রবিবার সকালে। সকাল ৯.১৫ মিনিট নাগাদ এ ঘটনা ঘটে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। পুলিশের দাবি, আতঙ্ক ছড়াতে কেউ পটকা ফাটিয়েছে। খুলশীতে নৌকা–ফুলকপির সমর্থকদের মধ্যে সংঘর্ষ বাধে। সেখানে দুই জন গুলিবিদ্ধ হন বলে জানা গিয়েছে। ফরিদপুর-৩ (সদর) আসনের স্বতন্ত্র প্রার্থী এ. কে. আজাদের প্রধান নির্বাচনী এজেন্ট শামসুল হক ওরফে ভোলা মাস্টারের উপর হামলা হয়েছে। স্থানীয় এক আওয়ামী লীগ নেতা ও তার সমর্থকদের বিরুদ্ধে হামলার অভিযোগ উঠেছে। যশোর-৫ (মনিরামপুর) আসনের স্বতন্ত্র প্রার্থী এস. এম. ইয়াকুব আলীর ঈগল প্রতীকের দুই কর্মীকে কুপিয়ে জখম করা হয়েছে। আজ রবিবার সকালে ভোট গ্রহণ শুরুর কিছুক্ষণ পর মনিরামপুর উপজেলার খেদাপাড়া ইউনিয়নের হেলাঞ্চী কৃষ্ণবাটি মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রের বাইরে এ ঘটনা ঘটেছে।

রাজধানীর হাজারীবাগের একটি ভোটকেন্দ্রের সামনে সকালে ককটেল বিস্ফোরণে এক শিশুসহ তিনজন আহত হয়েছেন। তাদের প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। আহতদের নাম জানা যায়নি। নোয়াখালী-২ (সেনবাগ ও সোনাইমুড়ি উপজেলার একাংশ) আসনে একটি ভোটকেন্দ্রের পাশে নৌকা ও স্বতন্ত্র প্রার্থীর (কাঁচি) সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। দুই পক্ষের সংঘর্ষ ও পাল্টাপাল্টি ধাওয়ার সময় বেশ কয়েকটি ককটেল বিস্ফোরিত হয়। চট্টগ্রাম-১৫ (সাতকানিয়া-লোহাগাড়া) আসনের সাতকানিয়ায় একটি ভোটকেন্দ্রের বাইরে ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। তবে এতে কেউ হতাহত হয়নি। যশোর-৩ (সদর) আসনে শংকরপুর মাধ্যমিক বিদ্যালয় ভোটকেন্দ্রে আজ রবিবার সকাল সাড়ে সাতটার দিকে বোমা হামলা করেছে দুর্বৃত্তরা। এতে নিরাপত্তার দায়িত্বে থাকা মারুফ হোসেন নামের এক আনসার সদস্য আহত হয়েছেন। তাকে যশোর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়।

জাতীয় সংসদ নির্বাচনের আগের রাত সন্ধ্যা ৬টা থেকে আজ রবিবার সকাল ৬টা পর্যন্ত সারাদেশে ১৫টি আগুনের ঘটনা ঘটেছে বলে জানিয়েছে ফায়ার সার্ভিস। আগুনের একাধিক ঘটনায় ১০টি যানবাহন ও ৭টি স্থাপনা পুড়ে গিয়েছে বলে পুলিশ নিশ্চিত করেছে। দমকল বিভাগ জানিয়েছে, এসব ঘটনার মধ্যে বরিশালে ২টি ও চট্টগ্রামে একটি বাসে আগুন দেয়া হয়। শনিবার সন্ধ্যায় চট্টগ্রামের কালুরঘাট বিসিকের বাদামতলে দাঁড়িয়ে থাকা অবস্থায় একটি বাসে আগুন দেয় দুর্বৃত্তরা।

এছাড়া ময়মনসিংহে একটি প্রাইভেট কারে, হবিগঞ্জে ২টি মোটরসাইকেলে, পিরোজপুরে একটি ট্রাকে আগুন দেওয়া হয়। ফেনীতে দুটি ও নেত্রকোনায় একটি কাভার্ড ভ্যানে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। অন্যদিকে, ফেনী সদরে কমিশনারের অফিসে আগুন লাগিয়ে দেয় দুর্বৃত্তরা। ময়মনসিংহ, লালমনিরহাট, কিশোরগঞ্জ এবং খুলনায় চারটি শিক্ষাপ্রতিষ্ঠানে আগুন দেওয়া হয়। এছাড়াও বরিশালের বাকেরগঞ্জ নির্বাচনী ক্যাম্পে আগুনের ঘটনা ঘটেছে।

চট্টগ্রাম মহানগরীর চান্দগাঁও এলাকায় সড়ক অবরোধের চেষ্টা করেছিলেন বিএনপির নেতাকর্মীরা। এ সময় পুলিশের সঙ্গে সংঘর্ষ হয় অবরোধকারীদের। তবে বিএপি নেতাকর্মীদের পরিচয় জানা যায়নি। রবিবার সকাল ৯টার পর চান্দগাঁওয়ে শরাফতউল্লাহ পাম্পের সামনের সামনে আগুন জ্বালিয়ে রাস্তা অবরোধ করা হয়েছিল বলে জানিয়েছে পুলিশ। চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের উপকমিশনার পঙ্কজ দত্ত বাংলাদেশের একটি দৈনিককে বলেন, "সড়ক অবরোধের খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গেলে, অবরোধকারীরা পুলিশের উপর ইট-পাটকেল নিক্ষেপ করে। পুলিশ ফাঁকা গুলি করলে অবরোধকারীরা পালিয়ে যায়। বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে।"

(ডয়চে ভেলে ওয়েব পেজ : ৭.১.২৪ রিহাব)

## কম ভোটার, অনিয়ম, অভিযোগ নিয়ে শেষ হলো ভোট

পুরোনো নিয়মে আওয়ামী লীগ কেন্দ্র দখল করে ভোট ডাকাতির নির্বাচন করছে বলে মন্তব্য করেছে জাতীয় পার্টি। ভোট বর্জনের ডাক দেয়া বিএনপি বলেছে, কেন্দ্রে কম ভোটার উপস্থিতি প্রমাণ করেছে দেশের মানুষ আওয়ামী লীগ সরকারকে বর্জন করেছে। প্রাণহানি, সহিংসতার মতো ঘটনার মধ্য দিয়ে শেষ হলো দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন। চলছে গণনা। শান্তিপূর্ণ পরিবেশে ভোট করতে পারা নিয়ে শঙ্কা জানিয়ে আসা প্রধান নির্বাচন কমিশনার বলেছেন, ভোট কেন্দ্রে নৌকার পোলিং এজেন্ট ছাড়া অন্য কারো এজেন্ট দেখতে পাননি তিনি।

রবিবার সকালে রাজধানীর হাবীব উল্লাহ বাহার কলেজ কেন্দ্রে নিজের ভোট দেন সিইসি কাজী হাবিবুল আউয়াল। ভোট দিয়ে নির্বাচন ভবনে ফিরে আইন-শৃঙ্খলা বিষয়ক কেন্দ্রীয় মনিটরিং সেল পরিদর্শন করেন সিইসি। পরে সাংবাদিকদের

সঙ্গে কথা বলেন তিনি। ভোটকেন্দ্রে পোলিং এজেন্ট না থাকার কথা তুলে ধরে সিইসি বলেন, 'আসলে মনে হচ্ছে, প্রতিদ্বন্দ্বী বা প্রতিপক্ষ প্রার্থী যারা, তাদের পোলিং এজেন্ট দেওয়ার সামর্থ্য নেই। ...আমরা খুব জোর দিয়ে বলেছিলাম, প্রতিদ্বন্দ্বিতামূলক ভোট হতে হলে কেন্দ্রে অবশ্যই প্রত্যেক প্রার্থীর পোলিং এজেন্ট থাকতে হবে। আমি যেগুলো পেয়েছি, সবাই একই দলের। বাকি প্রার্থীদের কোনো লোকজন দেখতে পাইনি।"

দিনের শুরুতে ভোট দেয়া সিইসির কাছে জানতে চাওয়া হয়, হরতাল ও সহিংসতা ভোটারদের উপর কতটা প্রভাব ফেলতে পারে। জবাবে তিনি বলেন, নির্বাচন কমিশন শুধু ভোটটা ম্যানেজ করছে। ভোটাররা কীভাবে প্রতিক্রিয়া দেখাবেন, তা নিয়ে কোনো মন্তব্য করবেন না তিনি। আওয়ামী লীগের বিরুদ্ধে ভোটকেন্দ্র দখল, ভোট ডাকাতির নির্বাচন করছে বলে অভিযোগ করেছেন করেছেন সংসদে প্রধান বিরোধী দল জাতীয় পার্টির চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের। রবিবার সকালে রংপুর-৩ আসনের সেনপাড়া শিশু মঙ্গল সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোটকেন্দ্র ঘুরে দেখে তিনি এ কথা বলেন। জি এম কাদের বলেন, "জামালপুর-কুমিল্লাসহ বিভিন্ন জায়গায় আমাদের এজেন্টদের বের করে দেয়া হচ্ছে বলে খবর পেয়েছি। যে পুরোনো কায়দায় আওয়ামী লীগ ভোটকেন্দ্র দখল করে ভোট ডাকাতির নির্বাচন করে। এবারও সেটাই করা হচ্ছে। যদিও বারবার আশ্বস্ত করা হয়েছিল যে এমন কোনো ঘটনা ঘটবে না।" তিনি বলেন, "কিন্তু অলরেডি সকাল থেকে আমি তিনটা ঘটনা জেনেছি যে ভোট ডাকাতির নির্বাচনের প্রস্তুতি নেয়া হচ্ছে।"

ভোটের স্বাভাবিক পরিবেশ নেই জানিয়ে তিনি আরো বলেন, "ভোট স্বাভাবিক হবে না, সেই ধরনের একটা আবহাওয়া তৈরি করা হচ্ছে। সব জায়গার খবর এখনও পাইনি। যে আশা করছিলাম ভোটটা স্বাভাবিক হবে, কিন্তু রংপুর ছাড়া বেশিরভাগ জায়গায় ভোট স্বাভাবিক হচ্ছে না।" জিএম কাদের বলেন, "সবসময় আমাদের আশঙ্কা ছিল যে, নির্বাচনে নিয়ে এসে আমাদের কোরবানি করা হবে। কোরবানি করে নির্ভেজাল, একদলীয় শাসন ব্যবস্থা কায়েম করা হবে। এসব আশঙ্কা সত্যি হয় কিনা বিকেল হলেই বোঝা যাবে।" দিনশেষে জাতীয় পার্টির শঙ্কা সত্যি হলে দলের অবস্থান কি হবে জানতে চাওয়া হয় জি এম কাদেররের কাছে। তিনি বলেন, "সেটা যখন হবে তখন বলব। আগে থেকে কিছু বলতে চাই না। আমরা সার্বিক পরিস্থিতি দেখে দলের নেতাদের সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত নেবো।"

নির্বাচনের মধ্য দিয়ে দেশের জনগণ আওয়ামী লীগ সরকারকে বর্জন করার বিষয়টি প্রমাণিত হয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আবদুল মঈন খান। নির্দলীয়, নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচনের দাবিতে অনড় থাকায় ভোটে অংশ নেয়নি বিএনপি। বরং ভোটকে ব্যর্থকে তারা হরতালের ডাক দিয়েছে।

রবিবার দুপুরে গুলশানের নিজ বাসভবনে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে পর্যবেক্ষণ তুলে ধরেন বিএনপির এই জ্যেষ্ঠ নেতা। মঈন খান বলেন, "সরকারের সাজানো নির্বাচনের যে নাটক, আজকে সকাল থেকে সেই অংশের শেষ অংশ মঞ্চায়ন হচ্ছে। মজার কথা হচ্ছে এই যে, গত এক বছর ধরে আমরা যে কথাটি বলে আসছিলাম —বাংলাদেশের জনগণ এই সরকারকে বর্জন করেছে, সেই কথাটি আজকে নির্বাচন বর্জনের মধ্য দিয়ে জনগণ দেশে এবং বিদেশে সবার সামনে প্রমাণ করে দিয়েছে।" তিনি বলেন, "সকালে ভোট যখন শুরু হয়, তার আগে বিভিন্ন ভোটকেন্দ্রের ছবি আমরা সংগ্রহ করেছি এ পর্যন্ত। ভোটকেন্দ্রগুলো যে ভোটারশূন্য কেবলমাত্র তাই নয়, আমাদের মনে পড়ছে আজকে থেকে ১০ বছর আগে ২০১৪ সালের ৫ জানুয়ারির কথা। যেদিন আমরা দেখেছিলাম, ভোটকেন্দ্রে ভোটাররা ভোট দেয় না, কুকুর-বিড়াল ভোট দেয়।" সরকারের কঠোর সমালোচনা করে তিনি আরো বলেন, "আমরা অবাক বিস্ময়ে লক্ষ্য করলাম, গত ১০ বছরে সরকার গণতন্ত্রকে এমন পর্যায়ে নিয়ে গেছে যে, আজও শতশত কেন্দ্র শূন্য। এখানে কোনো ভোটার নেই। বিভিন্ন ভোটকেন্দ্রের সামনে আজকে শীতের সকালে কুকুর রোদ পোহাচ্ছে। এটাই বাংলাদেশের আজকের দ্বাদশ সংসদ নির্বাচনের নামে যে প্রহসন, সেই প্রহসনের বাস্তবতা।"

বেশি ভোটারের উপস্থিতি নির্বাচনের গ্রহণযোগ্যতা বাড়াতে অবদান রাখবে— এ কথা স্বীকার করেছেন পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন। তবে তিনি বলেছেন, বিদেশি পর্যবেক্ষকেরা ভোটারের উপস্থিতি নয়, বরং ভোট গ্রহণের স্বচ্ছতা ও নির্বাচনি পরিবেশ পর্যবেক্ষণ করছেন। রবিবার সকালে টিচার্স ট্রেনিং সেন্টার কেন্দ্রে ভোট দেয়ার পর তিনি এসব কথা বলেন। পররাষ্ট্র সচিব জানান, বিদেশি পর্যবেক্ষকরা আজ সকাল থেকেই তাদের দায়িত্ব পালন করছেন। ভোটগ্রহণ শেষে তারা তাদের মতামত জানাতে সম্মত হয়েছেন। বিদেশি সাংবাদিক ছাড়া ১২৭ জনেরও বেশি বিদেশি পর্যবেক্ষক নির্বাচন পর্যবেক্ষণ করছেন। পর্যবেক্ষকেরা জানিয়েছেন, নির্বাচনে ভোটারের উপস্থিতি নয়, বরং ভোটগ্রহণ প্রক্রিয়া স্বচ্ছ এবং পরিবেশ শান্তিপূর্ণ থাকছে কি না, তা পর্যবেক্ষণ করতে এসেছেন তারা।

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রত্যাশা অনুযায়ী ভোটারের উপস্থিতি না থাকলে পশ্চিমা দেশগুলো বিষয়টি নিয়ে কি ভাবতে পারে, এমন প্রশ্নের জবাবে পররাষ্ট্র সচিব বলেন, "যদি প্রচুর ভোটার ভোট দেয়, তাহলে তা নির্বাচন ও এর গ্রহণযোগ্যতার পক্ষে যাবে।"

ভোট শুরুর আগেই নরসিংদী-৪ (মনোহরদী-বেলাব) আসনের একটি কেন্দ্রে ব্যালটের ১২টি বইয়ে নৌকা প্রতীকে সিল থাকায় অনিয়মের অভিযোগে ঐ কেন্দ্রে ভোটগ্রহণ বাতিল করা হয়েছে। এ ঘটনাকে ষড়যন্ত্র বলে দাবি করেছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তার অভিযোগের আঙ্গুল অবশ্য স্বতন্ত্র প্রার্থীর দিকে। তিনি বলেছেন, তাকে ও নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করার জন্য স্বতন্ত্র প্রার্থী এই ঘটনা ঘটিয়েছেন। রবিবার দুপুরে মনোহরদী এলাকায় তার বাসভবনের সামনে গণমাধ্যমকর্মীদের প্রশ্নের জবাবে শিল্পমন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেন, "আমার যে প্রতিপক্ষ, তারাও তো

নৌকার লোকই। তারা সেখানে আওয়ামী লীগার সেজে সেগুলো করে আমাকে প্রশ্নবিদ্ধ এবং নির্বাচনটাকে প্রশ্নবিদ্ধ করার জন্য (ভোর) ৫টা-৬টার সময় এটাকে...যখন ব্যালট শুরুই হয় ৮টায়। তার আগে কীভাবে ঘটবে? কীভাবে নিলো? তারা ওখানে ম্যানেজ করে এই কাজটি করেছে অত্যন্ত সূক্ষ্মভাবে, যাতে প্রধানমন্ত্রী এবং আমাদের নির্বাচনকে আজকে প্রশ্নবিদ্ধ করা যায়।" তিনি আরো বলেন, "আজকে নৌকার নামধারী যারা, যারা কখনোই নৌকার ছিল না তারা এটি করেছে। অত্যন্ত খোলামেলাভাবে করেছে তারা। কারচুপি হয় তো তখন ব্যালট মারতে গেলে, ভোট কাটতে গেলে তখন। সে সময় কেউ তো ছিলই না। কাজেই হাস্যকর অভিযোগ এটা। কে কেটেছে তাকে দেখায়নি, শুধু ব্যালটগুলো দেখিয়েছে।" (ডয়চে ভেলে ওয়েব পেজ : ৭.১.২৪ রিহাব)

## দিনভর ঢাকায় ভোটের চিত্র যেমন দেখেছেন ডয়চে ভেলের সংবাদকর্মীরা

ঢাকার বিভিন্ন ভোটকেন্দ্রে ঘুরছেন ডয়চে ভেলের সাংবাদিকরা। বেশিরভাগ কেন্দ্রেই ভোটার উপস্থিতি অনেক কম দেখেছেন তারা। তবে উত্তরা এবং জুরাইনে হেভিওয়েট কেন্দ্রের বাইরে মানুষের উপস্থিতি ও উৎসাহ লক্ষ্য করা গেছে। সকালের দিকে ঢাকার বিভিন্ন কেন্দ্রে ঘুরে মিশ্র চিত্র দেখতে পেয়েছেন ডয়চে ভেলের সংবাদকর্মীরা। তবে বেশিরভাগ কেন্দ্রেই ভোটার উপস্থিতি কম ছিল। কোথাও কোথাও কেন্দ্রের সামনে ভিড় বা লম্বা লাইন লক্ষ্য করা গেলেও ভোটের হার ছিল কম।

ডয়চে ভেলে বাংলা বিভাগের প্রধান খালেদ মুহিউদ্দীন এবং সাংবাদিক আরাফাতুল ইসলাম সকালে মোহাম্মদপুরের ভোটকেন্দ্র গুলোর পরিস্থিতি ঘুরে দেখেন। ভোটকেন্দ্রে যাওয়ার পথে একাধিক ভোটারের সঙ্গে কথা বলেন তারা। বেশিরভাগ ছিলেন জেনেভা ক্যাম্পের সদস্য। তাদের অনেকেই কমলা টুপি পরে নৌকার প্রতীকসহ ভোটকেন্দ্রে ভোট দিতে যাচ্ছিলেন। ভোটার কার্ড হয়নি এমন কয়েকজন তরুণ জানান, তারা ভোটকেন্দ্রে যেতে মানুষকে সাহায্য করছেন। তাদের গলায় নৌকার প্রতীকের কার্ড দেখা গেছে। মোহাম্মদপুরে একটি কেন্দ্রের প্রিসাইডিং অফিসার মোহাম্মদ লিয়াকত আলী বলেন, সেখানে মোট ভোটার তিন হাজার ৬৮০ জন। তবে সকাল ১০টা পর্যন্ত ৯২টি ভোট পড়েছে বলেই জানান তিনি। নৌকা ছাড়াও ফুলের মালা, একতারা প্রতীকের প্রতিদ্বন্দ্বী রয়েছেন সেখানে। আরেকটি কেন্দ্রের প্রিসাইডিং অফিসার জানান, সকাল ১০টা পর্যন্ত ১৫৫টি ভোট পড়েছে। সকাল ১১.৪৫ মিনিট নাগাদ উত্তরার একটি কেন্দ্রে জমজমাট কেটলির প্রতীকের এজেন্টদের সঙ্গে কথা বলেন খালেদ মুহিউদ্দীন। একজন ভোটার বলেন, ভোট দেবেন কি না এখনও তিনি চিন্তা করছেন। স্বতন্ত্র প্রার্থী মো খসরু চৌধুরীর এক সমর্থক বলেন, "নির্বাচনে অংশ না নিলে আমরা ক্ষতিগ্রস্ত হবো। নির্বাচনে দলবল নির্বিশেষে সবাইকে সমর্থন করতে হবে।" জাতীয় পার্টির প্রার্থীর এজেন্টরাও ছিলেন সেখানে। উত্তরার এই অংশে ভোটকেন্দ্রের বাইরে ভোটের আমেজও লক্ষ্য করা গেছে। উত্তরা হাই স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে এক নারী ভোটার বলেন, উৎসবমুখর পরিবেশে ভোট দিয়েছেন তারা। তবে সেখানে একটি বুথের সহকারী প্রিসাইডিং অফিসার সজল শিকদার বলেন, তার বুথে ৪৭৬ নারী ভোটারের মধ্যে ১২টা ৫ মিনিট পর্যন্ত মাত্র তিনটে ভোট পড়েছে। আরেকটি বুথে ৪৩১ জন ভোটদাতার মধ্যে ১২টা ৫ পর্যন্ত মাত্র তিন জন ভোট দিয়েছেন। আরেক সহকারী প্রিসাইডিং অফিসার ইয়াসমিন আখতার বলেন, একটা বুথে ৪৩১ জনের মধ্যে ৯ জন ভোট দিয়েছেন। আরেক বুথে ৪৫০ জন ভোটারের মধ্যে ১১ জন ভোট দিয়েছেন বলে জানান আরেক সহকারী প্রিসাইডিং অফিসার। কেন্দ্র নম্বর পাঁচে ১৬৪৯ জন ভোটারদের মধ্যে ১২টা ১০ পর্যন্ত মোট ৩৩ জন ভোট দিয়েছেন বলে জানান সেখানকার প্রিসাইডিং অফিসার সুলতান উদ্দিন। শীত এবং ছুটির দিন বলে সকালে ভোট কম ছিল বলে ধারণা তার। তিনি মনে করেন, ৫০ শতাংশ পর্যন্ত ভোট পড়বে। ডয়চে ভেলে বাংলার সাংবাদিক হারুন উর রশীদ স্বপন সমীর কুমার দে সকাল ১১টা নাগাদ ছিলেন বনানী এলাকার ভোটকেন্দ্র টি অ্যান্ড টি বয়েজ হাই স্কুলে। এই স্কুলের ভোটকেন্দ্রের আয়তন বিশাল হলেও ভোটার সেভাবে চোখে পড়েনি।

এই আসনে আওয়ামী লীগের পাশাপাশি বেলুন, টেলিভিশন, কূলা, আম, একতারা প্রতীকের প্রার্থীরা ভোটে দাঁড়িয়েছেন। এক সহকারী প্রিসাইডিং অফিসার জানান ৫২২ জন ভোটারের মধ্যে ভোট শুরুর প্রথম এক ঘণ্টায় ছয় জন নারী ভোটার ভোট দিয়েছেন। নূরুল ইসলাম নামে আরেক অফিসার জানান, দুই হাজার ৩৫২ জন ভোটার থাকলেও মোট ভোটারের উপস্থিতি কম বলেই মনে হয়েছে তার। এক ঘণ্টায় এক শতাংশ মতো ভোট পড়েছে বলে জানিয়েছেন তিনি। বনানী বিদ্যানিকেতনের একটি কেন্দ্রের প্রিসাইডিং অফিসার জাহাঙ্গীর আল আজাদ বলেন, তার কেন্দ্রে ২৪৮৭ পুরুষ ভোটার রয়েছেন। সেখানে সকাল ১১টা নাগাদ মোট ৫০-৬০টি ভোট পড়েছে। ভোটার কম বলে জানান, পোলিং অফিসার রাশেদ আহমেদও। আরেক অফিসার হাসিনা নাজনিন বলেন, ভোটাররা সংখ্যায় অনেকটা কম হলেও পরিস্থিতি ভীতিকর নয়।

শাহীনবাগ সিভিল অ্যাভিয়েশন কলেজের একটি বুথের পোলিং অফিসার সানোয়ার হোসেন। ছিলেন রোকসানা পারভীন নামে আরেক অফিসারও। তারা বলেন, ভোট শুরুর প্রথম দুই ঘণ্টায় মাত্র ১০ থেকে ১২টা ভোট পড়েছে। সেখানকার আরেক বুথে ভোট পড়েছে ২০টি। অথচ এই কেন্দ্রের বাইরে ১০০ থেকে ১৫০ জন ভোটার লাইনে দাঁড়িয়েছিলেন। ভোটকক্ষগুলো কিন্তু ফাঁকাই ছিল। এমন ছবি ধরা পড়েছে আমাদের সংবাদকর্মী আরাফাতুল ইসলামের ক্যামেরায়।

ধানমন্ডির একটি ভোটকেন্দ্রের সহকারী প্রিসাইডিং অফিসার মোহাম্মদ মিরাজ শরীফ বলেন, ৪৩১ জন ভোটার নথিভুক্ত রয়েছেন তার বুথে। কিন্তু সকাল ১১.১৫টা পর্যন্ত তার মাত্র ৫টি ভোট পড়েছে। ৪ নম্বর বুথে সহকারী প্রিসাইডিং কর্মকর্তা

মোহাম্মদ রাজীব হাসান বলেন, ৪৬৭ জনের মধ্যে ১১.২০ মিনিট পর্যন্ত ১৩ থেকে ১৪ জন ভোট দিয়েছেন। ধানমন্ডি এলাকায় একটু ধীরে ভোটার আসেন বলে জানান তিনি।

ভোটকেন্দ্রের এক প্রিসাইডিং কর্মকর্তা ড. মোহাম্মদ রোবিউল হোসেইন পাটোয়ারি বলেন, সেখানে মোট ভোটার তিন হাজার ১৬১ জন। সকাল ১১.২০ মিনিট পর্যন্ত ভোট পড়েছে ৯৫টি। নৌকার এজেন্ট থাকলেও আর কাউকে ইস্যু করা যায়নি বলেও উল্লেখ করেন তিনি। এখানে বেশিরভাগ বুথই ফাঁকা ছিল।

হেভিওয়েট প্রার্থীদের এই কেন্দ্রে উৎসাহী মানুষের প্রচুর ভিড় ছিল। ঈগল, ট্রাক, ঘড়ি, সোনালি হাঁস, ছড়ি, লাঙ্গলসহ একাধিক প্রতীকের প্রার্থীরা প্রতিদ্বন্দ্বিতা করছেন জুরাইনে। ডয়চে ভেলে বাংলার প্রতিনিধি সমীর কুমার দে ও হারুন উর রশীদ স্বপন কথা বলেন একটি বুথের সহকারী প্রিসাইডিং কর্মকর্তা এম হোসেনের সঙ্গে। ৫০৩ ভোট রয়েছে তার বুথে। সকাল ১১.৩২ মিনিট ৯৯টি ভোট পড়েছে বলে জানান তিনি। জুরাইনের আরেক বুথের সহকারী প্রিসাইডিং অফিসার বলেন, "সকাল ১১.৩৭ মিনিট পর্যন্ত ১৪৩টি ভোট পড়েছে। মোট ৫৭৬ ভোটদাতা রয়েছেন তার বুথে। এই বুথে কোনোরকম বিশৃঙ্খলা নেই।"

মিরপুরের একটি কেন্দ্রের প্রিসাইডিং অফিসার পীযুষ কুমার বণিক জানান, তার কেন্দ্রে ১২টা পর্যন্ত ২৮৮২ জন ভোটারদের মধ্যে ৭৫১ জন ভোটার দিয়েছেন মিরপুরের কেন্দ্রে। এখানকার ভোটদাতারা বেসামরিক নাগরিক। ঢাকার অন্য জায়গার তুলনায় এখানে অনেক বেশি ভোট পড়েছে। তরুণ ভোটারদের লাইনও চোখে পড়েছে। আরেক প্রিসাইডিং অফিসার একএম শাহীদ হুসেন ফারুক বলেন সেনাবাহিনীতে কর্মরত ভোটাররা সাধারণত কম ভোট দেন। বেলা ১২টা পর্যন্ত দুই হাজার ৩৪ জনের মধ্যে ৭০ জন ভোট দিয়েছেন। মিরপুরের আরেক বুথের অফিসার বলেন, বিকাল ৩.৩৫ মিনিট পর্যন্ত ২০ শতাংশ পর্যন্ত ভোট পড়েছে। অন্য একটি বুথের অফিসার মোহাম্মদ আসলাম আলী খন্দকার বলেন, শান্তিপূর্ণভাবে ভোট হয়েছে। ঢাকা ১৪ আসনে সবথেকে বেশি প্রার্থী। তবে সবার তরফে পোলিং এজেন্ট ছিল না। তার কেন্দ্রে দুপুর দুইটা পর্যন্ত ভোট পড়েছে ৫১৯ জন। এই কেন্দ্রে মোট ভোটার ২৮৭৭ জন। দেড়টা থেকে দুইটা পর্যন্ত সবথেকে বেশি ভোট পড়েছে বলে জানান তিনি।

আমিনবাজারের একটি কেন্দ্রে সহকারী প্রিসাইডিং অফিসার আসিবুল ইসলাম বলেন ৪২৯ জনের মধ্যে ৭৪ জন ভোট দিয়েছে। আরেক কেন্দ্রের প্রিসাইডিং অফিসার মোহাম্মদ লুৎফর রহমান বলেন ভোটার ছিল ২৬২৭ জন, তবে দুইটা অবধি ভোট পড়েছে ৪৬০টা। তিনি বলেন, "ভোটারের উপস্থিতি একটু কম। হয়তো জনগণ সম্পৃক্ত হয়নি। হয়তো সকল রাজনৈতিক দল থাকলে সেটা হতে পারত।" (ডয়চে ভেলে ওয়েব পেজ : ৭.১.২৪ রিহাব)

## রেডিও টুডে

### শুরু হয়েছে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ শুরু হয়েছে। সকাল আটটা থেকে শুরু হওয়া এই ভোটগ্রহণ বিরতিহীনভাবে চলবে বিকেল চারটা পর্যন্ত। আজ ৩০০ আসনের মধ্যে ২৯৯টি আসনে ব্যালট পেপারে ভোট গ্রহণ অনুষ্ঠিত হচ্ছে। দেশের ১১ কোটি ৯৬ লাখ ১১ হাজার ৬৩৩ জন ভোটার বিকাল চারটা পর্যন্ত নিজেদের ভোটাধিকার প্রয়োগ করার সুযোগ পাচ্ছেন। এর আগে ভোরবেলা থেকে প্রিজাইডিং অফিসারের কাছে ব্যালট হস্তান্তর করা হয়। ঢাকার বাইরে উপজেলা পরিষদগুলোতে ব্যালট পৌঁছানো হয় বিভিন্ন কেন্দ্রে। দূরের কেন্দ্রগুলোতে সরকারি কর্মকর্তাদের মাধ্যমে পাঠানো হয় কয়েকটি হাবে। পরে হাবগুলো থেকে প্রিজাইডিং অফিসারের মাধ্যমে যায় কেন্দ্রে কেন্দ্রে। এর আগে প্রচার কার্যক্রম শেষ করার নিয়ম মেনে শনিবার সকাল আটটায় সারাদেশে সব ধরনের প্রচারের আনুষ্ঠানিকতা শেষ হয়। ভোটে শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে সারাদেশে আইন-শৃঙ্খলা বাহিনী নিরাপত্তা জোরদার করেছে। সারাদেশে মোতায়েন করা হয়েছে বিভিন্ন বাহিনীর প্রায় ৮ লাখ সদস্য। (রেডিও টুডে: ৮৪৫ ঘ. ০৭.০১.২০২৪ রুবাইয়া)

### এবারের নির্বাচনে সবচেয়ে বেশি প্রার্থী রয়েছে আওয়ামী লীগের

এবারের নির্বাচনে সবচেয়ে বেশি প্রার্থী রয়েছেন আওয়ামী লীগের। হাইকোর্ট থেকে তিনজন প্রার্থিতা ফিরে পাওয়ায় দলটির প্রার্থী ২৬৬ জন। এছাড়া জাতীয় পার্টির ২৬৫ জন, তৃণমূল বিএনপির ১৪৫ জন, ন্যাশনাল পিপলস পার্টির ১২২ জন, বাংলাদেশ কংগ্রেসের ৯৬ জন, বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলনের ৫৬ জনসহ নির্বাচন কমিশনে নিবন্ধিত ২৭ রাজনৈতিক দলের প্রার্থীর সংখ্যা ১৫৩৪ জন। এছাড়াও স্বতন্ত্র প্রার্থী রয়েছেন ৪৩৬ জন। সব মিলিয়ে প্রতিদ্বন্দ্বিতা করছেন ১৯৭০ জন। এর মধ্যে ৯০ জন নারী ও ৭৯ জন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। নিবন্ধিত ৪৪টি রাজনৈতিক দলের মধ্যে দেশের অন্যতম বড় দল বিএনপিসহ ১৬টি দল এই নির্বাচন বয়কট করেছে। নিরপেক্ষ ও নিদলীয় সরকারের অধীনে নির্বাচনসহ একাধিক দাবিতে নির্বাচন থেকে দূরে রয়েছে দলগুলো।

(রেডিও টুডে: ৮৪৫ ঘ. ০৭.০১.২০২৪ রুবাইয়া)

### দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোট দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোট দিয়েছেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সকাল আটটায় রাজধানীর ঢাকা সিটি কলেজ কেন্দ্রে ভোট দেন তিনি। একই সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কন্যা সায়মা ওয়াজেদ হোসেন পুতুলও তার ভোটাধিকার প্রয়োগ করেন। ধানমন্ডি হাজারীবাগ নিউমার্কেট ও কলাবাগান থানা নিয়ে গঠিত

ঢাকা-১০ আসনে পড়েছে ঢাকা সিটি কলেজ কেন্দ্র। এ আসনে আওয়ামী লীগের প্রার্থী হিসেবে নির্বাচনে লড়ছেন চিত্রনায়ক ফেরদৌস আহমেদ। ভোট দেয়ার পর তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় প্রধানমন্ত্রী বলেন, নির্বাচন অবাধ ও নিরপেক্ষ হবে। ইনশাআল্লাহ জয়ী হব কোন সন্দেহ নেই। এ সময় তিনি আরো বলেন, অনেক বাধা-বিপত্তির মধ্যেও ভোট দেয়ার পরিবেশ তৈরি হয়েছে। জনগণ যাকে খুশি তাকে ভোট দেবে। (রেডিও টুডে: ৮৪৫ ঘ. ০৭.০১.২০২৪ রুবাইয়া)

## সাইবার হামলার ঝুঁকি এড়াতে সব কর্মকর্তাকে সতর্কবার্তা ইসির

সাইবার হামলার ঝুঁকি এড়াতে সব কর্মকর্তাকে সতর্কবার্তা ও ডিভাইস ব্যবহারের নির্দেশ দিয়েছেন নির্বাচন কমিশন। শনিবার ইসির উপাত্ত ব্যবস্থাপনা শাখার মামুনুর হোসেন সিস্টেম এনালিস্টের এই নির্দেশনা সব কর্মকর্তাকে পাঠায়। নির্দেশনায় বলা হয় বিজিডিই গর্ভমেন্ট সিআইআরটির প্রকাশিত সাইবার থ্রেট অ্যালার্ট বাংলাদেশকে লক্ষ্য করে চলমান ফিশিং ক্যাম্পেইন প্রতিবেদন মোতাবেক ফিশিং আক্রমণ হতে নির্বাচন কমিশনের সব এন্ড পয়েন্ট ডিভাইস ব্যবহারকারীদের নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য ব্যক্তিগত পর্যায়ে ব্যবস্থা গ্রহণ ও সতর্কতা অনুসরণের জন্য অনুরোধ করা হলো। বর্তমানে শুধু ইমেইল নয় বরং মোবাইলের এসএমএস অথবা হোয়াটসঅ্যাপ বা মেসেঞ্জার এর মত ইনস্ট্যান্ট মেসেজিং সার্ভিস অপব্যবহার করেও ফিশিং লিংক ছড়ানো হচ্ছে।
(রেডিও টুডে: ৮৪৫ ঘ. ০৭.০১.২০২৪ রুবাইয়া)

## কক্সবাজারের উখিয়া উপজেলায় রোহিঙ্গা ক্যাম্পে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে

কক্সবাজারের উখিয়া উপজেলায় রোহিঙ্গা ক্যাম্পে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। রবিবার রাত একটার দিকে উখিয়া ৫ নম্বর ক্যাম্পে এই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ৫ নম্বর ক্যাম্পের এ ব্লকের হেড মাঝি মো. হামিদ গণমাধ্যমকে এ বিষয়টি নিশ্চিত করেন। ১৪ আর্মড পুলিশের অতিরিক্ত ডিআইজি মুহাম্মদ ইকবাল জানান আগুনে এখনো পর্যন্ত ১৫-২০টি ঘর পুড়েছে। আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের পাঁচটি ইউনিট চেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি আরো জানান, অগ্নিকাণ্ডটি পরিকল্পিত নাকি দুর্ঘটনার সেই রহস্য উদ্ঘাটনে কাজ চলছে। (রেডিও টুডে: ৮৪৫ ঘ. ০৭.০১.২০২৪ রুবাইয়া)

## বিক্ষিপ্ত কিছু ঘটনা ছাড়া শান্তিপুর্ণভাবে চলছে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ কর্মসূচি

বিএনপি ও সমমনা রাজনৈতিক দলগুলোর বর্জনের মধ্য দিয়ে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ চলছে। সকাল আটটায় শুরু হওয়া এই ভোটগ্রহণ বিরতিহীনভাবে চলবে বিকেল চারটা পর্যন্ত। বিক্ষিপ্ত কিছু ঘটনা ছাড়া মোটামুটি শান্তিপূর্ণভাবেই ভোট অনুষ্ঠিত হচ্ছে। তবে ভোটের দিন সকালে মুন্সিগঞ্জ-৩ আসনে নৌকার এক সমর্থককে কুপিয়ে হত্যা করা হয়েছে। নিহত জিল্লুর রহমান মিরকাদিম পৌর লীগের সহ-সভাপতি। স্বতন্ত্র প্রার্থী মো. ফয়সাল এর সমর্থকরা এই হত্যাকাণ্ড ঘটিয়েছে বলে নৌকার সমর্থকরা অভিযোগ করছেন। এদিকে, নরসিংদী-৪ আসনের একটি কেন্দ্রে ১২টি ব্যালট বই ছিনিয়ে নিয়ে নৌকা প্রতীকে জাল ভোট দেয়ার অভিযোগে ঐ কেন্দ্রের ভোট গ্রহণ বাতিল করা হয়েছে। আসনটির নৌকার প্রার্থী শিল্পমন্ত্রী নুরুল মজিদ মাহমুদ হুমায়ুনের ছেলে মনজুরুল মজিদ মাহমুদ সাদীর বিরুদ্ধে জাল ভোট দেয়ার অভিযোগ উঠেছে। তবে এই অভিযোগকে ষড়যন্ত্র বলছেন শিল্পমন্ত্রী। এই ঘটনায় সংশ্লিষ্ট কেন্দ্রের প্রিজাইডিং অফিসারকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করেছে পুলিশ। এবারের নির্বাচনে আওয়ামী লীগ জাতীয় পার্টিসহ সব মিলিয়ে প্রতিদ্বন্দ্বীতা করছেন ১৯৭০ জন প্রার্থী। ভোট সুষ্ঠু করতে সারাদেশে মোতায়েন করা হয়েছে বিভিন্ন বাহিনীর প্রায় ৮ লাখ সদস্য। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৭.০১.২০২৪ রুবাইয়া)

## নির্বাচনে কোথাও কোন অনিয়ম-বিশৃংখলার ঘটনা ঘটলে তাৎক্ষণিক ব্যবস্থা নেয়ার নির্দেশ সিইসর

প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল বলেছেন, নির্বাচনে কাউকে ছাড় দেয়া হবে না। তিনি কোথাও কোন অনিয়ম-বিশৃঙ্খলার ঘটনা ঘটলে সংশ্লিষ্টদের তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন। রবিবার সকালে আগারগাঁওয়ের নির্বাচন ভবনে স্থাপিত আইন-শৃঙ্খলা বিষয়ক মনিটরিং সেল ঘুরে তিনি এই নির্দেশনা দেন। এর আগে সকালে রাজধানীর হাবিবুল্লাহ বাহার কলেজ কেন্দ্রে ভোট দেন সিইসি। ভোট দিয়ে নির্বাচন ভবনে ফিরে এসে তিনি সাংবাদিকদের মুখোমুখি হন। সিইসি জানান, বেলা বাড়ার সঙ্গে সঙ্গে ভোটার উপস্থিতি বাড়বে। এ সময় সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, ভোটকেন্দ্রে নৌকা ছাড়া অন্য কোন দলের পোলিং এজেন্ট তিনি পাননি।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৭.০১.২০২৪ রুবাইয়া)

## উৎসবমুখর পরিবেশে বিপুল সংখ্যক মানুষ স্বতঃস্ফূর্তভাবে ভোট দিচ্ছে : ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, উৎসবমুখর পরিবেশে বিপুল সংখ্যক মানুষ স্বতঃস্ফূর্তভাবে ভোট দিচ্ছে। এটাই প্রমাণ করে যারা ভোট বর্জন করতে নাশকতা ও ভায়োলেন্সের আশ্রয় নিয়েছে তারা আবারো পরাজিত। রবিবার সকালে নোয়াখালীর বসুরহাটে উদয়ন প্রি-ক্যাডেট একাডেমী কেন্দ্রে ভোট দিয়ে এসব কথা বলেন ওবায়দুল কাদের। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৭.০১.২০২৪ রুবাইয়া)

## পরাজয় নিশ্চিত জেনে নির্বাচনে অংশ নেয়নি বিএনপি : স্বরাষ্ট্রমন্ত্রী

ফার্মগেটের মনিপুরী পাড়ার একটি কেন্দ্রে সকালে ভোট দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। তিনি বলেছেন, নিশ্চিত পরাজয় জেনে বিএনপি এবারের নির্বাচনে অংশ নেয়নি। দেশের মানুষ কোন বিশৃঙ্খলা চায় না বলেও মন্তব্য করেন স্বরাষ্ট্রমন্ত্রী। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৭.০১.২০২৪ রুবাইয়া)

## নির্বাচন বর্জন ও অসহযোগ আন্দোলনের পক্ষে বিএনপি-জামায়াতের হরতাল কর্মসূচি চলছে

নির্বাচন বর্জন ও অসহযোগ আন্দোলনের পক্ষে বিএনপি-জামায়াতের ডাকা পূর্ব ঘোষিত ৪৮ ঘণ্টার হরতাল চলছে। শনিবার ভোর ছয়টা থেকে শুরু হওয়া এই কর্মসূচি চলবে আগামীকাল সোমবার সকাল ছয়টা পর্যন্ত। হরতালের সমর্থনে রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে মিছিল করেছে বিএনপি-জামায়াতের নেতাকর্মীরা। হরতাল সফলে সকাল নয়টার দিকে কুর্মিটোলা বাসস্ট্যান্ড এলাকায় স্থানীয় নেতাকর্মীদের নিয়ে মিছিল করেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবীর রিজভী। এ সময় তিনি বলেন, আজ একতরফা ভোট অনুষ্ঠিত হচ্ছে। ভোটকেন্দ্রে কোন ভোটার নেই। আতঙ্কে আওয়ামী লীগের নেতাকর্মীরা গভীর রাতে সিল মেরে রেখেছে বলেও দাবি করেন রিজভী।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৭.০১.২০২৪ রুবাইয়া)

## পুরনো কায়দায় আওয়ামী লীগ ভোটকেন্দ্র দখল করে ভোট ডাকাতির নির্বাচন করছেন : জিএম কাদের

সেই পুরনো কায়দায় আওয়ামী লীগ ভোট কেন্দ্র দখল করে ভোট ডাকাতির নির্বাচন করছে বলে মন্তব্য করেছেন জাতীয় পার্টির চেয়ারম্যান জি. এম. কাদের। সকালে রংপুর-৩ আসনের সেনপাড়া শিশু মঙ্গল সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্র পর্যবেক্ষণের সময় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এই মন্তব্য করেন। জি. এম. কাদের আরো বলেন, রংপুর ছাড়া আর কোথাও ভোট স্বাভাবিক হচ্ছে না। এদিকে, দলটির মহাসচিব মজিবুল হক চুন্নু বলেছেন, তার ভোটারদের কেন্দ্রে না আসতে ভয়-ভীতি দেখানো হচ্ছে। নির্বাচনে টাকার ছড়াছড়ি বলেও মন্তব্য করেন তিনি। রবিবার সকাল সাড়ে আটটার দিকে কিশোরগঞ্জের কাজলা সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে ভোট দিয়ে সাংবাদিকদের এ কথা বলেন জাতীয় পার্টির মহাসচিব। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০৭.০১.২০২৪ রুবাইয়া)

## বিচ্ছিন্ন কিছু ঘটনা ছাড়া শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ

বিএনপি ও সমমনা রাজনৈতিক দলগুলোর বর্জনের মধ্য দিয়ে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোট গ্রহণ সম্পন্ন হয়েছে। এর আগে বিক্ষিপ্ত কিছু ঘটনা ছাড়া মোটামুটি শান্তিপূর্ণভাবে সকাল আটটা থেকে বিকেল চারটা পর্যন্ত ভোট নেয়া হয়। এদিকে, নরসিংদী-৪ আসনের একটি কেন্দ্রে ১২টি ব্যালট বই ছিনিয়ে নিয়ে নৌকা প্রতীকে জাল ভোট দেয়ার অভিযোগে ঐ কেন্দ্রে ভোটগ্রহণ বাতিল করা হয়েছে। এই ঘটনায় সংশ্লিষ্ট কেন্দ্রের প্রিজাইডিং অফিসারকে জিজ্ঞাসাবাদের  জন্য আটক করেছে পুলিশ। একই জেলায় আরো একটি আসন নরসিংদী-৩ আসনে ব্যালট পেপার ছিনতাই ও প্রিজাইডিং কর্মকর্তাকে মারধরসহ অনিয়মেরও অভিযোগের দুটি কেন্দ্রে ভোট বাতিল করা হয়েছে। এদিকে, ব্রাহ্মণবাড়িয়া-৩ আসনে জাল ভোট দেয়ার অভিযোগে ৬জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। অন্যদিকে, খাগড়াছড়ির পানাছড়িতে জাল ভোট দিতে গিয়ে আটক চার যুবক। সিরাজগঞ্জ-৩ আসনের রায়গঞ্জ উপজেলার একই ঘটনায় দুজনকে ছয় মাস করে কারাদণ্ড দেয়া হয়েছে। এছাড়া কুড়িগ্রামের উলিপুরে জাল ভোট দেওয়ার অভিযোগে এক তরুণকে সাজা দেওয়ার পাশাপাশি ঐ কেন্দ্রের প্রিজাইডিং অফিসারকে নির্বাচনী দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়েছে।(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৭.০১.২০২৪ আসাদ)

## চট্টগ্রাম-১৬ আসনে আওয়ামী লীগের প্রার্থীর প্রার্থিতা বাতিল করেছে নির্বাচন কমিশন

চট্টগ্রাম-১৬ আসনে আওয়ামী লীগের প্রার্থী মোস্তাফিজুর রহমানের প্রার্থিতা বাতিল করেছেন নির্বাচন কমিশন। ভোট গ্রহণের শেষ পর্যায়ে এসে রবিবার তার প্রার্থিতা বাতিল করা হয়। বিষয়টিতে নির্বাচন কমিশনের সচিব জাহাঙ্গীর আলম সাংবাদিকদের জানিয়েছেন আইন-শৃঙ্খলা বাহিনীকে হুমকি দেওয়ায় তার প্রার্থিতা বাতিলের সিদ্ধান্ত নেয় কমিশন। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৭.০১.২০২৪ আসাদ)

## দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রায় ৪০ শতাংশ ভোট পড়েছে : সিইসি

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রায় ৪০ শতাংশ ভোট পড়েছে বলে দাবি করেছেন প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল। সোমবার ভোটগ্রহণ শেষে আগারগাঁওয়ে নির্বাচন ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি আরো জানান, নির্বাচনে গুরুতর সহিংসতার কোন ঘটনা ঘটেনি। ভোট শান্তিপূর্ণ ছিল।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৭.০১.২০২৪ আসাদ)

## বিএনপি-জামায়াত শত চেষ্টা করেও ভোট প্রদানে মানুষের উৎসাহ-উদ্দীপনা কমাতে পারেনি : তথ্যমন্ত্রী

তথ্য ও সম্প্রচার মন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, বিএনপি-জামায়াত চেষ্টা করেছে ভোটকে ঘিরে মানুষের মাঝে সৃষ্টি হওয়া উৎসাহ উদ্দীপনাকে ম্লান করার জন্য। কিন্তু তাদের অপচেষ্টা ছাপিয়ে ভোট মানুষের উৎসাহ-উদ্দীপনা আর উচ্ছ্বাসে পরিণত হয়েছে। সকালে চট্টগ্রাম-৭ আসনে ভোট প্রদান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন তথ্যমন্ত্রী।(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৭.০১.২০২৪ আসাদ)

## সরকারের নির্বাচনের নাটক সারা বিশ্বে উন্মোচিত হয়ে গেছে : মঈন খান

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান বলেছেন, বিরোধী দল গুলোর ভোট বর্জনের আহ্বানে জনগণ সাড়া দিয়েছে। সরকারের নির্বাচনের নাটক সারা বিশ্বে উন্মোচিত হয়ে গেছে। দুপুরে গুলশানে নিজ বাসভবনে সাংবাদিক সঙ্গে আলাপকালে এসব কথা বলেন মঈন খান। বিএনপির এই নেতা আরো বলেন, সরকারের এই নির্বাচন যে সাজানো ও ভুয়া তা বিদেশি গণমাধ্যম বলে দিয়েছে। নির্বাচন নামের নাটকের শেষ অংশ আজ সকাল থেকে মঞ্চস্থ হচ্ছে।(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৭.০১.২০২৪ আসাদ)

## বিএনপি'র ভোট বর্জন কর্মসূচি সফল হয়েছে : রিজভী

বিএনপি'র ভোট বর্জন কর্মসূচি সফল হয়েছে বলে দাবি করেছেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। বিকেলে এক অনলাইন সংবাদ সম্মেলনে তিনি এই দাবি করেন। তিনি আরো বলেন, ক্ষমতাসীনদের পাতানো নির্বাচনের বিরুদ্ধে জনগণ অভূতপূর্ব রায় দিয়েছে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৭.০১.২০২৪ আসাদ)

## নির্বাচন নিয়ে সন্তুষ্টির কথা জানিয়েছে ওআইসিসহ বেশ কয়েকটি দেশের পর্যবেক্ষকরা

বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন দেখে সন্তুষ্টি প্রকাশ করেছে ওআইসি, রাশিয়া, ফিলিস্তিন ও গাম্বিয়ার পর্যবেক্ষকরা। ভোটগ্রহণ শেষে বিকেলে রাজধানীর সোনারগাঁও হোটেলে সংবাদ সম্মেলনে পর্যবেক্ষকরা সন্তুষ্টির কথা জানিয়ে বলেন, ভোটার এবং প্রার্থীর এজেন্টেদের সঙ্গে আমরা কথা বলেছি, আমরা সন্তুষ্ট। ওআইসি নির্বাচন ইউনিটের প্রধান শেখ মোহাম্মদ বন্দর সংবাদ সম্মেলনে বলেন পর্যবেক্ষক হিসেবে সহিংসতার কোন চিহ্ন আমাদের চোখে পড়েনি। আমি অবাক হয়েছি দোকান-পাট বন্ধ, সড়কে কোন মানুষ দেখা যায়নি। শহর ছিল শান্ত।
(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০৭.০১.২০২৪ আসাদ)

## প্রধানমন্ত্রী শেখ হাসিনা গোপালগঞ্জ-৩ আসন থেকে আবারও নির্বাচিত হয়েছেন

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ সম্পন্ন হয়েছে। এখন চলছে গণনা। কিছু আসনের প্রাথমিক ফলাফল আসতে শুরু  করেছে। ইতোমধ্যে গোপালগঞ্জ-৩ আসন থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, মেহেরপুর-১ আসনে প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন, শেরপুর-২ আসনে মতিয়া চৌধুরী, সুনামগঞ্জ-৩ আসনে পরিকল্পনামন্ত্রী এম. এ. মান্নান. রংপুর-৪ আসনে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন। প্রাথমিক ফলাফল দেখা গেছে আওয়ামী লীগের তোফায়েল আহমেদ, সাবের হোসেন চৌধুরী, সালমান এফ রহমানসহ কেন্দ্রীয় অনেক নেতা এগিয়ে রয়েছেন। এছাড়া আলোচিত অনেক প্রার্থীর ভরাডুবি হয়েছে। এর মধ্যে কুষ্টিয়া-২ আসনে নৌকা প্রতীক নিয়েও পরাজিত হয়েছেন জাসদ সভাপতি হাসানুল হক ইনু। এছাড়া কৃষক শ্রমিক জনতা লীগের সভাপতি কাদের সিদ্দিকী, তৃণমূল বিএনপির চেয়ারম্যান শমসের মোবিন চৌধুরীও পরাজিত হয়েছেন। বরিশালে রাশেদ খান মেনন, আবুল হাসানাত আব্দুল্লাহ বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন। তবে হবিগঞ্জ-৪ আসনে বিমান প্রতিমন্ত্রী মাহবুব আলী বড় ব্যবধানে হেরেছেন স্বতন্ত্র প্রার্থী ব্যারিস্টার সৈয়দ সায়েদুল হক সুমনের কাছে।(রেডিও টুডে:২১৪৫ ঘ. ০৭.০১.২০২৪  আসাদ)

# জাগো এফএম

## জয়ের ব্যাপারে আশাবাদী প্রধানমন্ত্রী শেখ হাসিনা

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোট দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ রবিবার সকাল ৮টার দিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা সিটি কলেজ কেন্দ্রে ভোট দেন। ভোট দেওয়ার পর প্রধানমন্ত্রী জয়ের ব্যাপারে আশা প্রকাশ করেছেন। এসময় প্রধানমন্ত্রী বলেন, 'নির্বাচন সুষ্ঠুভাবে করতে পারছি সেজন্য দেশবাসীর প্রতি কৃতজ্ঞতা জানাই। অনেক বাধা-বিপত্তি ছিল, নির্বাচনটা যে জরুরি, ভোট দেওয়ার পরিবেশ তৈরি করতে পেরেছি। আমাদের সামনে আরো কাজ আছে। নৌকা মার্কার জয় লাভ হবে। আবার আমরা সরকার গঠন করে দেশের উন্নতি করতে পারবো।' আওয়ামী লীগ সভাপতি বলেন, 'বিএনপি-জামায়াত জ্বালাও-পোড়াও করে, তারা গণতন্ত্রে বিশ্বাস করে না। বিএনপি একটা সন্ত্রাসী দল, তারা বাসে, ট্রেনে, ভোট কেন্দ্রে আগুন দেয়। সে কারণে জনগণ তাদের প্রত্যাখ্যান করেছে। আপনার সবাই ভোট কেন্দ্রে আসবেন, এই ভোটের জন্য আমাকে জেল-জুলুম সহ্য করতে হয়েছে। নির্বাচনটা যেন সুষ্ঠুভাবে সম্পন্ন হয়।' প্রধানমন্ত্রীর সঙ্গে ছিলেন তার ছোট বোন শেখ রেহানা ও কন্যা সায়মা ওয়াজেদ পুতুল।
(জাগো এফএম : ১৭০০ ঘ. ০৭.০১.২০২৪ প্রতীক)

## এই ভোট গণতন্ত্র রক্ষার : আইনমন্ত্রী

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, 'বাংলাদেশের জনগণ সন্ত্রাসকে প্রত্যাখ্যান করেছে। আজ যে ভোট হচ্ছে, সেটা গণতন্ত্র রক্ষার ভোট। আমরা ইনশাআল্লাহ বিজয়ী হয়ে গণতন্ত্র রক্ষা করবো।' আজ রবিবার দুপুরে ব্রাহ্মণবাড়িয়া কসবা উপজেলার পানিয়ারুপ সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে ভোট প্রদান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা

বলেন। আনিসুল হক ব্রাহ্মণবাড়িয়া-৪ আসনে আওয়ামী লীগের প্রার্থী। নির্বাচন প্রতিহতে হরতাল ও অসহযোগ আন্দোলনের বিষয়ে জানতে চাইলে আইনমন্ত্রী বলেন, 'দেশে আইনের শাসন আছে। কেউ অসহযোগ, অন্যায় বা অপরাধ করলে আইন তার নিজস্ব গতিতে চলবে।' তিনি বলেন, 'আমি এতক্ষণ খবর নিয়ে আসলাম, সারাদেশের মানুষ স্বতঃস্ফূর্তভাবে কেন্দ্রে এসে ভোট দিচ্ছে। তার মানে জনগণ গণতন্ত্র প্রতিষ্ঠায় প্রতিজ্ঞাবদ্ধ। সেটাই প্রমাণ হচ্ছে।' আনিসুল হক বলেন, মানুষ গাড়িতে চড়ে, রিকশায় করে, ট্যাক্সিতে করে ভোট দিতে আসছে। হরতাল মানে তো এগুলো বন্ধ থাকার কথা। তার মানে হচ্ছে বাংলাদেশের মানুষ এই হরতাল মানে না। তারা হরতাল প্রত্যাখ্যান করেছে।' এক প্রশ্নের জবাবে আইনমন্ত্রী আরো বলেন, 'বিএনপি নির্বাচনে না এসে ভুল করেছে নাকি ঠিক করেছে, তারাই জানে। কারণ তাদের যে রাজনৈতিক নীতি, সেটা সম্বন্ধে আমার খুব একটা উচ্চ ধারণা নেই। তো সেক্ষেত্রে আমি বলবো, বিএনপিতে গণতন্ত্রমনা যারা আছেন, তারা অবশ্যই ভুল করেছেন। তার কারণ হচ্ছে, তারা জনগণের কাছে তাদের গ্রহণযোগ্যতার পরীক্ষা দেননি।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ০৭.০১.২০২৪ প্রতীক)

## পরিবেশ ভালো, ভোট দেওয়া প্রত্যেক নাগরিকের দায়িত্ব : প্রধান বিচারপতি

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোট দিয়েছেন প্রধান বিচারপতি ওবায়দুল হাসান। আজ রবিবার দুপুর দেড়টার দিকে নেত্রকোনার মোহনগঞ্জ মহিলা কলেজ কেন্দ্রে ভোট প্রদান করেন তিনি। এসময় তার সঙ্গে ছিলেন স্ত্রী নাফিসা বানু। ভোটদান শেষে প্রধান বিচারপতি বলেন, ভোটের পরিবেশ ভালো। ভোটাধিকার প্রয়োগ প্রত্যেক নাগরিকের দায়িত্ব। আশা করছি, সবাই সেই দায়িত্ব পালন করবেন।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ০৭.০১.২০২৪ প্রতীক)

## সারাদেশে ভোটার উপস্থিতি সন্তোষজনক, এটা গণতন্ত্রের জয় : ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া

নির্বাচন বিরোধী প্রচারণা ও আতঙ্ক সৃষ্টির পরও ভোটার উপস্থিতি সন্তোষজনক বলে মনে করছে বাংলাদেশ আওয়ামী লীগ। আজ রবিবার তেজগাঁওয়ে ঢাকা জেলা আওয়ামী লীগ কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা জানিয়েছেন দলটির দফতর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া। তিনি বলেন, 'বিএনপির নির্বাচন বিরোধী অপপ্রচার, জনমনে আতঙ্ক সৃষ্টির অপচেষ্টার পরও সারাদেশে ভোটার উপস্থিতি সন্তোষজনক। এটা গণতন্ত্রের জয়। নিরপেক্ষ নির্বাচন করার যে ঘোষণা নির্বাচন কমিশন এবং প্রধানমন্ত্রী ও আওয়ামী সভাপতি শেখ হাসিনা দিয়েছিলেন, তা বাস্তবায়ন করা হয়েছে।' বিপ্লব বড়ুয়া আরো বলেন, 'কোথাও কোনো কারচুপি নেই, নির্বাচন বিরোধী চক্রের আগাম অভিযোগ সঠিক নয়।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ০৭.০১.২০২৪ প্রতীক)

## ভোট বর্জন সার্থক: রিজভী

নির্বাচন বর্জনের জন্য জনগণকে শুভেচ্ছা জানিয়ে বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, 'ক্ষমতাসীনদের পাতানো নির্বাচনের বিরুদ্ধে জনগণ অভূতপূর্ব রায় দিয়েছে। দুই শতাংশের বেশি ভোটার কেন্দ্রে আসেনি। আমাদের ভোট বর্জন সার্থক হয়েছে। জনগণ সরকারের এই ডামি নির্বাচন বর্জন করেছে।' আজ রবিবার বিকেলে ভার্চুয়াল সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, 'সরকার ফেলানী হত্যা দিবসে পাতানো নির্বাচন করে ফেলানীর মতোই গণতন্ত্রকে তারকাঁটায় ঝুলিয়েছে। তাদের প্রভুদের খুশি করতে ফেলানী হত্যা দিবসে নির্বাচন করেছে। অত্যন্ত পরিকল্পিতভাবে রাষ্ট্রযন্ত্রকে ব্যবহার করে বিএনপিসহ বিরোধী রাজনৈতিক দলগুলোর ওপর নির্মম নির্যাতন চালিয়ে ক্ষমতা চিরস্থায়ী করার জন্য এই সাজানো নির্বাচন করছে সরকার।' তিনি বলেন, 'প্রধান নির্বাচন কমিশনার বলেছেন, নৌকার এজেন্ট ছাড়া আর কোনো প্রার্থীর এজেন্ট দেখতে পাচ্ছেন না।' বিএনপির এই নেতা আরো বলেন, 'আওয়ামী লীগের স্বতন্ত্র প্রার্থীরাই নির্বাচন বর্জন করছেন এবং মিডিয়াতে বক্তব্য দিচ্ছেন। নৌকার প্রার্থীরা তাদের ভোট কেন্দ্র থেকে বের করে দিচ্ছেন। কে, কে জয়ী হবে তা সরকার আগেই নির্দেশনা দিয়ে দিয়েছে। সরকার নিজেদের মধ্যে ভোট করছে। এই হচ্ছে আওয়ামী লীগের সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ০৭.০১.২০২৪ প্রতীক)

## জাল ভোট দেওয়ায় প্রিজাইডিং অফিসারসহ ১৫ জনকে শাস্তি

জাল ভোট দেওয়ার অভিযোগে প্রিজাইডিং অফিসার-সহকারী প্রিজাইডিং অফিসারসহ ১৫ জনকে শাস্তি দিয়েছে নির্বাচন কমিশন। এছাড়া সাতটি ভোট কেন্দ্রে ভোট গ্রহণ স্থগিত করা হয়েছে। আজ রবিবার বিকেল সোয়া ৩টার দিকে নির্বাচন কমিশন সচিব মো. জাহাংগীর আলম এ তথ্য জানান। তিনি বলেন, 'সাত কেন্দ্রের ভোট বাতিল করা হয়েছে। জাল ভোট দেওয়া ১৫ জনকে শাস্তি দেওয়া হয়েছে। এর মধ্যে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার আছেন। এছাড়া জাল ভোট দান কারীরাও আছেন। জাল ভোটে সহায়তা করার জন্য তাদের নানা মেয়াদে দণ্ড দেওয়া হয়েছে।' ইসি সচিব আরো বলেন, ৭ ঘণ্টায় ভোট কাস্ট হয়েছে ২৭ শতাংশের বেশি। ৩০ থেকে ৩৫ জায়গায় ভোট কেন্দ্রের বাইরে ছোটখাটো ধাওয়া-পাল্টা ধাওয়া হয়েছে। কোথাও আমাদের পুলিশের গাড়িতে ইট মেরে গ্লাস ভাঙা হয়েছে। কোথাও ভোট কেন্দ্রের পাশে ককলেট বিস্ফোরণ হয়েছে। আপনাদের মিডিয়ার মাধ্যমে জানতে পেরেছি।' জাহাঙ্গীর আলম বলেন, 'এছাড়া আমাদের দুইজন প্রিজাইডিং অফিসার দায়িত্ব পালন করার সময় মারা গেছে। একজন গত রাতে দায়িত্ব পালনকালে হার্ট অ্যাটাকে মারা যান। আরেকজন জামালপুরে হার্ট অ্যাটাকে মারা যান। এ পর্যন্ত অনাকাঙ্ক্ষিত

ঘটনায় একজনের প্রাণহানি ঘটেছে। আইন-শৃঙ্খলা বাহিনী তদন্ত করছে, তদন্ত শেষে প্রকৃত ঘটনা জানাতে পারবো।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ০৭.০১.২০২৪ প্রতীক)

## চট্টগ্রাম-১৬ আসনের নৌকার প্রার্থী মোস্তাফিজুর রহমানের প্রার্থিতা বাতিল

আচরণবিধি লঙ্ঘনের দায়ে চট্টগ্রাম-১৬ আসনের আওয়ামী লীগের প্রার্থী মোস্তাফিজুর রহমানের প্রার্থিতা বাতিল করেছে নির্বাচন কমিশন, ইসি। আজ রবিবার বিকেল চারটায় নির্বাচন ভবনে সাংবাদিকদের ব্রিফিংকালে ইসি সচিব মো. জাহাঙ্গীর আলম এ তথ্য জানান। তিনি বলেন, 'চট্টগ্রাম-১৬ আসনের প্রার্থী মোস্তাফিজুর রহমানের প্রার্থিতা নির্বাচন কমিশন সর্বসম্মতিক্রমে ৩টা ৪৫ মিনিটে বাতিল করেছে। নির্বাচনের আচরণবিধি লঙ্ঘনের দায়ে তার প্রার্থিতা প্রত্যাহার করা হয়েছে।' কী ধরনের বিধি লঙ্ঘন করেছেন জানতে চাইলে তিনি বলেন, 'আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকের প্রার্থী মোস্তাফিজুর রহমানের প্রার্থিতা বাতিল করা হয়েছে। তার বিরুদ্ধে আচরণবিধি লঙ্ঘনের দায়ে মামলা হয়েছিল। তিনি আইন-শৃঙ্খলা বাহিনীকে হুমকি প্রদর্শন করেছেন। সার্বিক বিষয়টি বিবেচনা করে তার প্রার্থিতা বাতিল করা হয়েছে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ০৭.০১.২০২৪ প্রতীক)

## সাংবাদিক ও পর্যবেক্ষকদের সঙ্গে প্রধানমন্ত্রীর সৌজন্য বিনিময় সোমবার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন কাভার করা দেশী-বিদেশী পর্যবেক্ষক ও সাংবাদিকদের সঙ্গে সৌজন্য বিনিময় করবেন প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। আগামীকাল সোমবার, ৮ জানুয়ারি বিকেল সাড়ে ৩টায় গণভবনে এ সৌজন্য বিনিময় অনুষ্ঠিত হবে। আজ রবিবার সন্ধ্যায় প্রধানমন্ত্রীর সহকারী প্রেস সচিব এম. এম. ইমরুল কায়েস স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, 'সোমবার বিকেল সাড়ে ৩টায় বাংলাদেশ আওয়ামী লীগ সভাপতি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪ উপলক্ষ্যে দেশী-বিদেশী পর্যবেক্ষক ও সাংবাদিকদের সঙ্গে সৌজন্য বিনিময় করবেন।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ০৭.০১.২০২৪ প্রতীক)

## শান্তিপূর্ণ পরিবেশে নির্বাচন হয়েছে : সেতুমন্ত্রী

অনেক বাধা-বিপত্তি অতিক্রম করে অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে বলে জানিয়েছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, 'বিএনপি-জামায়াত অপপ্রচার চালিয়ে আন্তর্জাতিক এবং বাংলাদেশের বন্ধুদের বিভ্রান্ত করতে চেয়েছিল। বিদেশী ও বাংলাদেশের সাংবাদিকরা এই নির্বাচন প্রত্যক্ষ করেছেন।' আজ রবিবার সন্ধ্যায় তেজগাঁওয়ে ঢাকা জেলা আওয়ামী লীগ কার্যালয়ে এক ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে জনগণের বিজয় উল্লেখ করে ওবায়দুল কাদের বলেন, 'আমরা সবচেয়ে বেশি যাদের কাছে কৃতজ্ঞ তারা হলো বাংলাদেশের জনগণ। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন হয়েছে। এই নির্বাচনের মাধ্যমে সারাবিশ্বের ও বাংলাদেশের মানুষ জনগণের বিজয় প্রত্যক্ষ করেছে।' বিএনপির ভোট বর্জনের বিষয়ে তিনি বলেন, 'এই নির্বাচনের মধ্য দিয়ে জনগণ তাদের বর্জন করেছে। তারা গণতন্ত্রকে হত্যা করেছে। হরতাল-অবরোধ দিয়ে অগ্নি সন্ত্রাস করেছে।' তিনি বলেন, 'আজ বিচ্ছিন্ন কিছু ঘটনা ঘটেছে। একজনের দুঃখজনক মৃত্যুর খবর পেয়েছি। আরো বেশি হয়ে থাকে, সে তুলনায় প্রকটভাবে নিদর্শন দেখতে পাইনি। মাত্র একজনের মৃত্যু ঘটেছে। আমাদের পার্টির প্রধান শেখ হাসিনা প্রমাণ করে দেখিয়েছেন, সরকারপ্রধান হয়েও স্বাধীন নিরপেক্ষ নির্বাচন কমিশনের অধীনে একটি গ্রহণযোগ্য নির্বাচন করতে পারেন। আজ সবাই তা প্রত্যক্ষ করেছেন।' সেতুমন্ত্রী আরো বলেন, 'নির্বাচন আয়োজন ও পরিচালনায় নিয়োজিত সবাইকে আওয়ামী লীগের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করি। গণমাধ্যমে ৩৭টি সহিংসতার খবর পেয়েছি, যা ৪২ হাজার কেন্দ্রের তুলনায় নগণ্য।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ০৭.০১.২০২৪ প্রতীক)

## ঢাকা-১২ আসনে এগিয়ে আছেন আওয়ামী লীগের প্রার্থী ও স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-১২ আসনে এগিয়ে আছেন আওয়ামী লীগের প্রার্থী ও স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী হচ্ছেন জাতীয় পার্টির খোরশেদ আলম খুশু। এখন পর্যন্ত এই আসনে ৬৫ কেন্দ্রের ফল পাওয়া গেছে। ফলাফলে দেখা যায়, আসাদুজ্জামান খান পেয়েছেন ৪৪ হাজার ৪০৫ ভোট এবং খোরশেদ আলম খুশু এক হাজার ৪৪ ভোট পেয়েছেন। এই আসনের অন্যান্য প্রার্থীরা হলেন- আম প্রতীকে শাহীন খান, টেলিভিশন প্রতীকে মো. আতিকুর রহমান নাজিম, মোমবাতি প্রতীকে মুহাম্মদ আব্দুল হাকিম ও সোনালী আঁশ প্রতীকে মো. নাঈম হাসান। সকাল ৮ টা থেকে শুরু হওয়া দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোট গ্রহণ শেষ হয় বিকেল ৪ টায়। এবার সারা দেশে সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ৩০০ আসনের মধ্যে ২৯৯ আসনে একযোগে ভোট গ্রহণ করা হয়েছে। নওগাঁ-২ আসনে একজন প্রার্থীর মৃত্যুর কারণে নির্বাচন বন্ধ রাখা হয়। ভোট গ্রহণ চলাকালে যশোর, লালমনিরহাট, বগুড়া, রাজধানীর হাজারীবাগসহ কিছু জায়গায় ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এসব ঘটনায় শিশুসহ অন্তত ৮ জন আহত হয়েছেন। এ ছাড়া, চট্টগ্রাম, জামালপুর, ফরিদপুরসহ আরো কয়েকটি জেলায় বিক্ষিপ্ত সংঘর্ষের ঘটনা ঘটেছে। এসব ঘটনায় আহত হয়েছেন ২২ জন। (জাগো এফএম : ১৯০০ ঘ. ০৭.০১.২০২৪ প্রতীক)

## সারাদেশে ১৪০ কেন্দ্রে অনিয়মের ঘটনা ঘটেছে

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে সারাদেশে ১৪০ কেন্দ্রে অনিয়মের ঘটনা ঘটেছে। আজ রবিবার সন্ধ্যায় নির্বাচন কমিশন সূত্রে এ তথ্য জানা গেছে। ইসি সূত্র জানিয়েছে, ১৪০টির মধ্যে খুলনায় ২৪টি, বরিশালে ১৪টি, রংপুরে ৪টি, রাজশাহীতে আটটি, ঢাকায় ২০টি, ময়মনসিংহে ১১টি, চট্টগ্রামে ৪৫টি, সিলেটে ১৪টি কেন্দ্রে এসব ঘটনা ঘটেছে। মাঠ পর্যায়ের কর্মকর্তাদের থেকে প্রাপ্ত তথ্য থেকে এই তালিকা করেছে ইসি। এদিকে, নির্বাচনে অনিয়মের অভিযোগে ৪২ জন গ্রেফতার হয়েছে। (জাগো এফএম : ১৯০০ ঘ. ০৭.০১.২০২৪ প্রতীক)

## ব্যালট ছিনিয়ে নেওয়ায় শিল্পমন্ত্রীর ছেলেকে গ্রেফতারের নির্দেশ

নরসিংদী-৪ আসনের একটি কেন্দ্রে ব্যালট বই ছিনিয়ে নিয়ে নৌকা প্রতীকে জাল ভোট দেওয়ার অভিযোগে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুনের ছেলে মঞ্জুরুল মজিদ মাহমুদ সাদীকে গ্রেফতারের নির্দেশ দিয়েছেন সিইসি কাজী হাবিবুল আউয়াল। বিষয়টি নিশ্চিত করেছেন মনোহরদী উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সহকারী রিটার্নিং অফিসার হাছিবা খান। এর আগে সকাল সাড়ে ৮টার দিকে বেলাবো উপজেলার সল্লাবাদ ইউনিয়নের ইব্রাহিমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে জাল ভোটের অভিযোগে কেন্দ্রটির ভোট গ্রহণ বাতিল করেন নরসিংদীর রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক ড. বদিউল আলম। এই কেন্দ্রে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূনের ছেলে মঞ্জুরুল মজিদ মাহমুদ সাদী জোর করে ১২টি বইয়ে নৌকার সিল মারেন। সেটি দেখতে পেয়ে লোকজন বিক্ষুব্ধ হয় ও প্রশাসনকে জানায়। পরে প্রশাসনের লোকজন এসে ঘটনার সত্যতা পায় এবং এই কেন্দ্রের ভোট গ্রহণ বাতিল করে। এ কেন্দ্রের প্রিজাইডিং অফিসার ছিলেন, পাটুলি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক হারুন অর রশিদ। তাকে জিজ্ঞাসাবাদের জন্য পুলিশ ইউএনও অফিসে নিয়ে যান। নরসিংদী জেলা প্রশাসক ও রিটার্নিং কর্মকর্তা ড. বদিউল আলম গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেছেন। এ ব্যাপারে মনোহরদী উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সহকারী রিটার্নিং অফিসার হাছিবা খান সংবাদিকদের জানান, 'মঞ্জুরুল মজিদ মাহমুদ সাদীকে গ্রেফতারের জন্য পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ০৭.০১.২০২৪ প্রতীক)

## মেহেরপুর-১ আসনে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর জয়

দ্বাদশ সংসদ নির্বাচনে মেহেরপুর-১ আসনে বেসরকারি ফলাফল ঘোষণা করা হয়েছে। এ ফলাফলে জয়ী হয়েছেন নৌকা প্রতীকের প্রার্থী জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। তিনি পেয়েছেন ৯৩ হাজার ৭৪৬ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ট্রাক প্রতীকের স্বতন্ত্র প্রার্থী অধ্যাপক আব্দুল মান্নান পেয়েছেন ৫৭ হাজার ৫০৪ ভোট। আজ রবিবার সন্ধ্যার পরে রিটার্নিং কর্মকর্তা শামীম হাসান তার কার্যালয়ে এ ফলাফল ঘোষণা করেন। এর আগে সকাল ৮টায় শুরু হওয়া ভোট গ্রহণ শেষ হয় বিকেল ৪টায়। এরপর শুরু হয় গণনা। মেহেরপুর-১ আসনে মোট ভোটার তিন লাখ ৩৭ জন। আসনটির ১১৭ ভোট কেন্দ্রের ৭০১টি ভোটকক্ষে ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ০৭.০১.২০২৪ প্রতীক)

## বান্দরবান আসনে বিজয়ী হয়েছেন নৌকা প্রতীকের প্রার্থী বীর বাহাদুর উশৈ শিং

দ্বাদশ সংসদ নির্বাচনে বান্দরবান আসনে বিজয়ী হয়েছেন নৌকা প্রতীকের প্রার্থী বীর বাহাদুর উশৈ শিং। তিনি পেয়েছেন এক লাখ ৭২ হাজার ২৪০ ভোট। তার প্রতিদ্বন্দ্বী লাঙ্গল প্রতীকের এ টি এম শহীদুল ইসলাম পেয়েছেন ১০ হাজার ৪৩ ভোট। আজ রবিবার রিটার্নিং কর্মকর্তা ও বান্দরবান জেলা প্রশাসক শাহ মুজাহিদ উদ্দিন তার কার্যালয়ে এ ফলাফল ঘোষণা করেন। নির্বাচনে মোট ৬১ শতাংশ ভোট পড়েছে বলে জানিয়েছেন তিনি। এর আগে সকাল ৮টায় শুরু হওয়া ভোট গ্রহণ শেষ হয় বিকেল ৪টায়। এরপর শুরু হয় গণনা। বান্দরবান ৩০০ নম্বর আসনে মোট ভোটার দুই লাখ ৮৮ হাজার ৩০ জন। আসনটির ১৮২টি ভোট কেন্দ্রের ৭২৭টি ভোট কক্ষে ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। (জাগো এফএম : ১৯০০ ঘ. ০৭.০১.২০২৪ প্রতীক)

# BBC

## RUSSIAN STRIKE KILLS 11 IN UKRAINE : OFFICIAL SAYS

A Russian missile strike has killed 11 people, including five children, in eastern Ukraine, a local official says. S-300 missiles hit the town of Pokrovsk in Ukrainian-held territory in Donetsk region, the regional governor said. "The enemy is cynically hitting civilians, trying to bring as much misery as possible," Governor Vadim Filashkin posted on Telegram. In his evening video address, President Volodymyr Zelensky said Russian forces had targeted residential areas. Russia should always feel consequences for such attacks, Mr Zelensky added. Pokrovsk is about 70km north-west of Donetsk city, which is occupied by Russian forces. (BBC Web Page: 07/01/24, FARUK)

## HAMAS COMMAND IN NORTH GAZA DESTROYED: ISRAEL

The Israeli army says it has completed the dismantling of Hamas's command structure in the northern Gaza Strip. Army spokesman Daniel Hagari told reporters that Palestinian militants are now operating in the area only sporadically and without commanders. He said Israel had

killed around 8,000 militants in north Gaza. The Israel Defence Forces (IDF) are now focused on dismantling Hamas in south and central Gaza, he said. Israel has killed more than 22,000 people since the war began, according to the Hamas-run health ministry.
(BBC Web Page: 07/01/24, FARUK)

**ISRAEL-PALESTINIAN BITTERNESS DEEPENED BY HAMAS ATTACK AND WAR**

Even as war rages on in Gaza, causing huge loss of life, a recent survey suggests there is wide support among Palestinians for Hamas's deadly attacks on Israel which triggered it. Meanwhile, most Israelis are not focused on the killing of Palestinian civilians and back their country's military offensive to crush Hamas and bring home hostages, polls suggest. Three months into the deadliest round of fighting in the decades-old conflict here, I have been asking Israelis and Palestinians in Jerusalem for their views. Meanwhile, Israel's air and ground assaults in the Palestinian territory have killed about 23,000 people, the Hamas-run health ministry in Gaza says. (BBC Web Page: 07/01/24, FARUK)

**BHUTAN TO VOTE AS ECONOMIC CRISIS HITS NATIONAL HAPPINESS**

The picturesque Himalayan kingdom of Bhutan is set to hold a general election with serious economic challenges calling into question its long-standing policy of prioritizing "Gross National Happiness" over growth. Both parties contesting Tuesday's vote are committed to a constitutionally enshrined philosophy of a government that measures its success by the "happiness and well-being of the people". Some voters are expected to trek for days to cast their ballots in the landlocked and sparsely populated country, similar in size to Switzerland.
(BBC Web Page: 07/01/24, FARUK)

**CHINA SANCTIONS 5 US ARMS MANUFACTURERS OVER TAIWAN WEAPONS SALES**

China has announced sanctions against five US arms manufacturers over weapons sales to Taiwan. Beijing claims the self-ruled island as part of its territory and has not ruled out the use of force to achieve its goals, while the United States is required by law to provide Taiwan with the means to defend itself. China's Foreign Ministry on Sunday sanctioned the companies BAE Systems Land and Armament, Alliant Techsystems Operation, AeroVironment, ViaSat and Data Link Solutions. The countermeasures consist of freezing the properties of those companies in China, including their movable and immovable property, and prohibiting organizations and individuals in China from transactions and cooperation with them, the ministry said in a statement. (BBC Web Page: 07/01/24, FARUK)

**AL JAZEERA JOURNALIST'S SON KILLED IN GAZA**

The eldest son of Al Jazeera's Gaza bureau chief has been killed in an Israeli strike in southern Gaza. Hamza al-Dahdouh, an Al Jazeera network journalist and cameraman, was with other journalists on a road between Khan Younis and Rafah when a drone strike hit. Freelance journalist Mustafa Thuraya was also killed. Four other members of bureau chief Wael al-Dahdouh's family were also killed in October. His wife Amna, his grandchild Adam, his 15-year-old son Mahmoud and seven-year-old daughter Sham all died in an Israeli strike.
(BBC Web Page: 07/01/24, FARUK)

**NORTH KOREA THREATENS SEOUL AS TENSION BUILDS OVER MILITARY DRILLS**

North Korea has threatened an immediate military strike against South Korea in response to any provocation. Kim Yo Jong, the powerful sister and key ally of leader Kim Jong Un, made the threat on Sunday, as Pyongyang reportedly fired artillery shells near its border with South Korea for the third day in a row. The remarks follow South Korean military reports that said the North had fired more than 60 artillery rounds on Saturday near their disputed maritime border. A similar volley of more than 200 rounds was reported the previous day. North Korea fired more than 90 rounds on Sunday, according to the South.
(BBC Web Page: 07/01/24, FARUK)

**JORDAN'S KING PRESSES BLINKEN TO PUSH FOR A CEASEFIRE IN GAZA**

Jordan's King Abdullah II has urged US Secretary of State Antony Blinken to push for a ceasefire in Gaza and bring an end to the humanitarian crisis in the besieged Palestinian territory, as the months-long war continues to rage. The king met Blinken in the Jordanian capital Amman and warned him of the catastrophic repercussions of the continuation of the war which began three months ago, the royal palace said. At least 22,835 people have been killed - including 9,600 children - in Israel's assault on Gaza since October 7, according to Palestinian officials. At least 1,139 people were killed in Hamas's October 7 attack on Israel, according to Israeli authorities, and at least 200 people remain in captivity.

(BBC Web Page: 07/01/24, FARUK)

## :: The End ::